| ■ বারাসাত (যশোর রোড) | 8336911041 | জলপাইগুড়ি | 9434154082 | **Paramedical** | | ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 |
| ■ বেহালা | 9836616668 | ■ কল্যাণী | 9674165588 | বারাসাত | 8336911041 | ■ দুর্গাপুর | 9836428286 |
| ■ বহরমপুর | 9674165587 | ■ কৃষ্ণনগর | 9674162462 | বসিরহাট | 8910505980 | ■ কল্যাণী | 9674165588 |
| বাঁকুড়া | 9932870010 | কোন্নগর | 8697140843 | বর্ধমান | 8335053588 | ■ খড়গপুর | 9073610876 |
| ব্যারাকপুর (ফিউচার হোপ) | 9830596844 | খোসবাগ (বাঁকুড়া) | 9635735382 | বেহালা | 8336911653 | ■ বহরমপুর | 9674165587 |
| বর্ধমান | 0342 2560398 | কাকদ্বীপ | 9830077802 | দুর্গাপুর | 9051111246 | ■ গড়িয়া (বোরাল) | 9674165418 |
| বিষ্ণুপুর (বাঁকুড়া) | 9051277877 | ■ খড়গপুর | 9073610876 | লিলুয়া | 9830136688 | ■ শিলিগুড়ি | 8335051715 |
| ■ কন্টাই | 9674165582 | ■ লিলুয়া (হাওড়া) | 9830136688 | সোনারপুর | 9073727474 | **Interior Design** | |
| ■ কুচবিহার | 9674165586 | ■ মালদা | 9674165585 | শিলিগুড়ি | 8335078359 | পার্ক স্ট্রিট | 9073610877 |
| ■ দুর্গাপুর | 9051111246 | ■ মেদিনীপুর | 8335062606 | তারকেশ্বর | 9800119669 | **Smart Centre** | |
| | | | | | | ■ শ্রীরামপুর | 9073610884 |
| | | | | | | ■ বর্ধমান | 8335053588 |
| | | | | | | নাকতলা (গড়িয়া) | 9831166575 |

e-mail : queries@georgetelegraph.org
Website : www.georgetelegraph.org


THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL

Scanned by CamScanner

# কেন্দ্রীয় সংস্থার নিখরচায় সৌরশক্তি প্রতিস্থাপনের ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি : কেন্দ্রীয় সরকারের শক্তি মন্ত্রকের অধীন 'ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউট', সূর্যমিত্র সোলার পিভি ইনস্টলেশনের ট্রেনিং দিচ্ছে। ৩ মাসের আবাসিক ট্রেনিং। ট্রেনিং ও থাকার জন্য কোনো খরচ লাগবে না। মাধ্যমিক ও সেইসঙ্গে ইলেক্ট্রিশিয়ান/ওয়ারম্যান/ইলেক্ট্রনিক্স ট্রেডে আই.টি.আই বা, ইলেক্ট্রিক্যাল/ইলেক্ট্রনিক্স/মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং শাখায় ডিপ্লোমা কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মেয়েদের অগ্রাধিকার দেওয়া হবে। বয়স হতে হবে ন্যূনতম ১৮ বছর। সীট ৩০টি। প্রার্থী বাছাই করা হবে মেধার ভিত্তিতে। মেধাতালিকা বেরোবে ১৭ সেপ্টেম্বর। কোর্স শুরু হবে ২৩ সেপ্টেম্বর থেকে। নির্ধারিত বয়ানে আবেদন করতে হবে। আবেদনপত্রের বয়ান ডাউনলোড করবেন এই ওয়েবসাইট থেকে www.nptidurgapur.com/www. npti.gov.in প্রতিষ্ঠানের পক্ষ থেকে সফল প্রার্থীদের কর্মসংস্থানে সাহায্য করা হবে। হাতে হাতে, ডাকযোগে বা, ই-মেলে দরখাস্ত জমা দিতে হবে ১৩ সেপ্টেম্বরের মধ্যে। ই-মেল : suryamitra.npti@gmail.com ট্রেনিং হবে ও দরখাস্ত জমা দিতে হবে এই ঠিকানায় : ন্যাশনাল পাওয়ার ট্রেনিং ইনস্টিটিউট, সিটি সেন্টার, দুর্গাপুর - ৭১৩২১৬। ফোন : ০৩৪৩-২৫৪৬২৩৭/৯৯৩২২৭১৪২৩/৯৭৩৫১৫৫৬৫১

# সৌরশক্তি ক্ষেত্রে কর্মসংস্থানের জন্য সূর্যমিত্র প্রকল্প

নিজস্ব প্রতিনিধি : পরিবেশ সুরক্ষায় আগামী দিনের ভরসা সৌরশক্তি। কেন্দ্রীয় সরকারের লক্ষ্য, আগামী ২০২২ সালের মধ্যে সারা দেশে ১০০ গিগাওয়াট সৌরবিদ্যুৎ তৈরি ও তার লক্ষ্যপূরণের জন্য ২০২০ সালের মধ্যে ৩ লাখ দক্ষ লোক দরকার। সৌরশক্তি ইনস্টলেশন, অপারেশন ও মেন্টেন্যান্সে যোগ্য লোক তৈরির জন্য সারা দেশ জুড়ে চলছে কেন্দ্রীয় সরকারের সূর্যমিত্র স্কিল ডেভেলপমেন্ট ট্রেনিং প্রোগ্রাম।

কেন্দ্রীয় সরকারের নিউ ও রিনিউয়েবল এনার্জি দফতরের অধীন স্বশাসিত প্রতিষ্ঠান 'দ্য ন্যাশনাল ইনস্টিটিউট অফ সোলার এনার্জি'। এই সংস্থাটি সৌরশক্তির গবেষণা ও প্রসারের ক্ষেত্রে জাতীয় প্রতিষ্ঠান। এই সংস্থার উদ্যোগে দেশের বিভিন্ন ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজির শিক্ষা প্রতিষ্ঠানে 'সূর্যমিত্র' স্কিল ডেভেলপমেন্টের কর্মসূচি চলছে। প্রকল্পের প্রধান উদ্দেশ্য, অল্পবয়সি ছেলেমেয়েদের কাজের সুযোগ তৈরি করা।

**কারা ট্রেনিং নিতে পারেন :** মাধ্যমিক পাশ ও সেইসঙ্গে ইলেক্ট্রিশিয়ান/ওয়্যারম্যান/ইলেক্ট্রনিক্স/মেকানিক/ফিটার/শিট মেটাল ট্রেডে আই.টি.আই পাশ ছেলেমেয়েরা ট্রেনিং নিতে পারেন। এছাড়াও, ইলেক্ট্রিক্যাল/মেকানিক্যাল/ইলেক্ট্রনিক্স শাখার ডিপ্লোমা ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। ইঞ্জিনিয়ারিংয়ে ডিগ্রি কোর্স পাশ বা, উচ্চশিক্ষিতরা আবেদন করবেন না। বয়স হতে হবে কমপক্ষে ১৮ বছর। প্রার্থী বাছাইয়ের ক্ষেত্রে মহিলা/তপশিলি ও গ্রামের বেকার ছেলেমেয়েদের অগ্রাধিকার দেওয়া হয়। কোর্সের মেয়াদ ৬০০ ঘন্টা (৯০ দিন)। ৩ মাসের আবাসিক ট্রেনিং। ট্রেনিং ও থাকার জন্য খরচ লাগে না। যাবতীয় খরচ বহন করে কেন্দ্রীয় সরকার। সীট ৩০টি।

**কী পড়ানো হয় :** সূর্যমিত্র প্রকল্পের এই ট্রেনিংয়ের নাম 'সূর্যমিত্র ইনস্টলেশন অ্যান্ড মেন্টেন্যান্স'। পাঠ্যসূচিতে আছে এইসব বিষয় — (১) বেসিক সোলার এনার্জি অ্যান্ড ইলেক্ট্রিক্যাল এনার্জি (২) বেসিক সোলার ফোটোভোলটাইক সিস্টেম (৩) সাইট সার্ভে ফর সোলার পিভি ইনস্টলেশন (৪) প্রক্রিয়ার সোলার পিভি সিস্টেম কম্পোনেন্টস (৫) ইনস্টল সিভিল অ্যান্ড মেকানিক্যাল প্ল্যান্ট অফ সোলার পিভি সিস্টেম (৬) টেস্ট অফ সোলার পিভি সিস্টেম (৭) মেন্টেন্যান্স সোলার পিভি সিস্টেম (৮) মেন্টেন্যান্স পার্সোন্যাল হেলথ অ্যান্ড সেফটি ক্র্যাফট প্রোজেক্ট সাইট (৯) কাস্টমার ওরিয়েন্টেশন ফর সোলার পিভি সিস্টেম। ট্রেনিংয়ের ৭০% জুড়ে আছে প্র্যাক্টিক্যাল ক্লাস ও ৩০% থিওরিটিক্যাল ক্লাস। ট্রেনিং শেষে সফলদের এন.এস.ভি.সি স্বীকৃত সার্টিফিকেট দেওয়া হয়।

**কাজের সুযোগ :** প্রশিক্ষক অনুপম বড়াল জানান, 'সূর্যমিত্র' প্রকল্পের ট্রেনিং নিয়ে কাজের সুযোগ পাওয়া যায় সোলার শিল্প, ইপিসি কোম্পানি, মার্কেটিং কোম্পানি, বড় ঠিকাদার সংস্থায়। চাকরির পাশাপাশি ব্যবসার অনেক সুযোগ আছে। বিভিন্ন প্রতিষ্ঠানে ভরতি নেওয়ার সময় বিজ্ঞপ্তি দেওয়া হয়, তখন যোগাযোগ করবেন।


**Admission Going On** — Placement Assistant
Approved by the Govt. of India
■ Diploma in Aviation & Hospitality Management (1 Year) • Per month 6,000/
■ Diploma in Hotel Management & Tourism (2 Years) • Per month 4,000/-
Last Date : 9.09.2019 • Eligibility: 10 + 2 above
ST. HELEN INSTITUTION (SHI)
396/4A, N.S.C. Bose Road, Kolkata - 700 047, Garia Rathtala, Near Gitanjali Metro
Phone: 033-40043921, 9831075678
Web: www.sthelenInstitution.com



100% স্কলারশিপ বা ফ্রি কোচিং এর সুযোগ
JENPAUH, NEET, JEE, JEXPO
Dr. R. Sahini (M.D.) ও Prof. A. Roy (IITian) এর তত্ত্বাবধানে স্পেশাল ক্লাসরুম কোচিং ও মকটেস্ট। মোট 400 জন পড়ুয়া 100% স্কলারশিপ বা ফ্রি কোচিং এর সুযোগ পাবে।
যোগাযোগ : 7044647798



CENTRAL INSTITUTE OF MEDICAL SCIENCE & TECHNOLOGY (C.I.M.S.T.)
APPROVED BY BSS, Govt. of India
নার্সিং / প্যারামেডিক্যাল কোর্সে ভর্তি চলছে
G.N.M, B.Sc. নার্সিং (INC Approved)
DMLT, ফিজিওথেরাপি, এক্স-রে, SCAN, MRI, Dip. in Radiology, ECG, O.T, Dialysis, Critical Care, D.Opt. (চক্ষু), CMS & ED (Allo), D.A.M.S (আয়ুর্বেদ), D.H.M.S (হোমিও), D.D.H (ডেন্টাল), CCDS। যোগ্যতা : MP / HS
Campus : 126B, Raja Rammohan Sarani, শিয়ালদহ পূরবী সিনেমার কাছে, Kol-9.
M : 9331062421, 7478139891 (10 am to 6 pm)
Website : www.cimst.org.in



সরকারি চাকরির
ফ্রি কোচিং
Tech : Rail, SAIL, DCL, DRDO
Non Tech : Rail, SSC, Combined
Ex IAS প্রকাশ লাহিড়ী ও Engineer Ex IES রাহুল সিং এর তত্ত্বাবধানে সম্পূর্ণ ফ্রিতে ক্লাসরুম কোচিং ও মকটেস্ট। সারা রাজ্যব্যাপী মোট ৫০০ জন পড়ুয়া এই সুযোগ পাবে।
যোগাযোগ : 9163511524


# কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ১০টি বৃত্তিমূলক কোর্স

নিজস্ব প্রতিনিধি : কল্যাণী বিশ্ববিদ্যালয়ের জীবনব্যাপী শিক্ষা ও সম্প্রসারণ বিভাগ, বেকার ছেলেমেয়েদের কর্মসংস্থানের জন্য ৪০টি কর্মমুখী কোর্সের ট্রেনিং দিচ্ছে। ট্রেনিং শেষে স্বনিযুক্তিতে সাহায্য করা হয়। এই মুহূর্তে ভরতি নেওয়া হচ্ছে নীচের ১০টি বিষয়ে — (১) মাছ চাষ ও মাছ প্রজনন। ক্লাস এইট পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ১ মাস। (২) রঙিন মাছচাষ। ক্লাস এইট পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ১ মাস। (৩) ইলেক্ট্রিক্যাল ওয়্যারিং। ক্লাস এইট পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ৬ মাস। (৪) অ্যাগ্রি-হর্টিকালচার। ক্লাস এইট পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ৬ মাস।

(৫) কমিউনিকেটিভ ইংলিশ। যেকোনো শাখার উচ্চমাধ্যমিক পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ৩ মাস। (৬) প্রাইমারি হেল্‌থ কেয়ার অ্যান্ড সোশ্যাল সার্ভিস। মাধ্যমিক পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। মেয়াদ ১ মাস। (৭) ম্যানেজারশিপ অফ সিভিল কনস্ট্রাকশন। উচ্চমাধ্যমিক পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। (৮) কম্পিউটার সফটওয়্যার কোর্স। মাধ্যমিক পাশরা ভরতির জন্য আবেদন করতে পারেন। (৯) কেঁচো সার তৈরি। পড়তে ও লিখতে জানতে হবে। মেয়াদ ১ সপ্তাহ। (১০) মাশরুম চাষ। লিখতে ও পড়তে জানতে হবে। মেয়াদ ১ সপ্তাহ।

ভরতির জন্য এখনই যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : ডিপার্টমেন্ট অফ লাইফ লার্নিং অ্যান্ড এক্সটেনশন, কল্যাণী বিশ্ববিদ্যালয়, কল্যাণী, নদিয়া, পিন : ৭৪১২৩৫। ফোন : (০৩৩)২৫৮০-৮৩৭১, ৯৮৩০৯৪৫০৯৫/৮৭৭৭৪১২৫৮৩।


সুনিশ্চিত ভবিষ্যত গড়তে ITI করুন
NCVT কোর্স — FITTER, ELECTRICIAN, WELDER, COPA
যোগাযোগ —
Himadri Technical Training Institute
Coaching Centre
কল্যাণী, নদিয়া
8017092941, 8697613034
সালার : 964194676
রিষড়া : 9748044192
Need Electrician Teacher



# চাকরির পরীক্ষায় Common কীভাবে পাব ??

● চমকে দেওয়ার জন্য এই প্রশ্ন নয়। 'কর্মসংস্থান', 'সাফল্য' প্রকাশনা সংস্থার সরকারি চাকরির ব্যাপারে ৩১ বছরের দীর্ঘ অভিজ্ঞতা থেকে করা হয়েছে। এখন আপনাদের মনে এই প্রশ্ন আসতেই পারে আমরা কেন এমন ভাবছি? আগে প্রতিটি পরীক্ষার প্রশ্নের ধরণ ও ট্রেন্ড বুঝতে হবে।

● প্রত্যেক বছর কেন্দ্র- রাজ্য মিলিয়ে কয়েক লাখ পদের সরকারি চাকরির বিজ্ঞপ্তি বেরোয়। আর প্রত্যেক সপ্তাহে আমাদের দফতরে কয়েক লাখ ই-মেল, চিঠি আসে এই জিজ্ঞাসা নিয়ে যে চাকরির পরীক্ষায় কি পড়লে common পাব? ওইসব চিঠিপত্র থেকে এইটুকু বোঝা যায় পরীক্ষার্থীরা কীভাবে পড়লে পরীক্ষায় common পাবে সেই ধ্যান ধারণা না জেনেই সব পরীক্ষাতে apply করে। ফলে যা হওয়ার তাই হয়। সব পরীক্ষাতে apply করলেও সঠিক study material -এর অভাবে পরীক্ষাগুলো crack করতে পারে না।

● এই সমস্যার সমাধানের জন্য আমরা প্রত্যেক মাসের ১ ও ১৫ তারিখ প্রতিটি সরকারি চাকরির study material হিসাবে একদম নতুন ভাবে বের করছি সাফল্য সাফল্য পত্রিকা দুটি।

● এই বিষয় আরও একটা কথা বলে রাখি, সরকারি চাকরির পরীক্ষায় 'common' বলে কিছু হয় না। 'uncommon'-এর মধ্যে থেকে 'common' কীভাবে বের করতে হয় তা জানাটাই আসল চাবিকাঠি।

● একটা কথা নিশ্চিত ভাবে বলা যায়, সাফল্য ও সাফল্য সাধারণ জ্ঞান পত্রিকা যদি আপনারা ১ বছর ঠিকঠাক follow করেন তাহলে কেন্দ্র ও রাজ্য সরকারের সম্ভাব্য সবরকমের চাকরির পরীক্ষায় আপনারা কাছে uncommon বলে কিছু থাকবে না।


মহঃ আলাউদ্দিন
নিম্ন মধ্যবিত্ত পরিবারের ছেলে আমি। বাবা ধান বিক্রি করেন। মা বিড়ি কর্মী। আর্থিক অস্বচ্ছলতার মধ্যে পড়াশোনা করেছি। শুরু থেকেই আমার স্বপ্ন ছিল শিক্ষক হওয়ার। কিন্তু কোনো কোচিং কেন্দ্রে ভর্তি হওয়ার পয়সা ছিল না। প্রস্তুতির জন্য নিয়মিত পড়তাম 'সাফল্য'। মনের জোর আর সাফল্য পত্রিকার ওপর ভরসা করেই ২০১৯ সালে জানুয়ারি মাসে ঝাড়খণ্ডের বড়তলা হিরালপুর উচ্চ বিদ্যালয়ে সহশিক্ষক পদে চাকরি পাই।


সুমন সরকার
নদিয়া জেলার হরিণঘাটা ব্লকের মহাদেবপুর গ্রামের ছেলে আমি। বাবা কাঠের মিস্ত্রীর কাজ করে আমাদের দু'ভাইকে লেখাপড়া শিখিয়েছেন। ২০১৬ সালে ডিপ্লোমা কোর্স পাশ করি। গত বছর WBSEDCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার পদের পরীক্ষা দেই। প্রস্তুতি হিসাবে বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই-এর সাথে 'সাফল্য' পত্রিকা পড়েছিলাম। এখন চাকরি পেয়ে মুর্শিদাবাদের একটি সাব-স্টেশনে যোগ দিয়েছি।


অনিমেষ বিশ্বাস
নদিয়া জেলার কালীনাথপুর গ্রামের এক কৃষক পরিবারের ছেলে আমি। বাবা চাষবাসের কাজ করেন। গ্রুপ স্টাডি, বেসিক ইঞ্জিনিয়ারিং-এর বই আর সাফল্য পত্রিকাই ছিল আমার স্টাডি মেটেরিয়াল। WBSETCL-এর জুনিয়র ইঞ্জিনিয়ার হিসাবে কুলি জিআইএস সাবস্টেশনে এখন কর্মরত।

আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170



১৩২ পাতার দাম ১০ টাকা
আগস্ট সংখ্যা বেরিয়েছে
কর্মসংস্থান গোষ্ঠীর সাফল্য সাধারণ জ্ঞান
রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি ক্লার্কশিপ পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আই.সি.ডি.এস সুপারভাইজর পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
পি.এস.সি মিসলেনিয়াস পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
যোগাযোগ : 9830624170


## বর্ধমান বিশ্ববিদ্যালয়ে

১ পাতার পর

সোশ্যাল সায়েন্স গ্রুপ (ইতিহাস, ভূগোল, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, ইকনমিক্স, কমার্স, এডুকেশন, মিউজিক, ফাইন আর্টস)। সায়েন্স গ্রুপ (জুলজি, বটানি, ফিজিওলজি, বায়োটেকনোলজি, নিউট্রিশন, মাইক্রোবায়োলজি, এনভায়রণমেন্ট সায়েন্স, ফিজিক্স, ইলেক্ট্রনিক্স, কেমিস্ট্রি, বায়ো-কেমিস্ট্রি)। ম্যাথমেটিক্স গ্রুপ (অঙ্ক, স্ট্যাটিস্টিক্স, কম্পিউটার অ্যাপ্লিকেশন, কম্পিউটার সায়েন্স, ইঞ্জিনিয়ারিং বা, টেকনোলজি)। ফী ১,০০,০০০ টাকা।

প্রার্থী বাছাইয়ের প্রভিশনাল র‍্যাঙ্ক বেরোবে ১৭ সেপ্টেম্বর। দরখাস্ত করবেন অনলাইনে, ৯ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.buruniv.ac.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার স্ক্যান করে নেবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ টাকা ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, নেট ব্যাঙ্কিং বা, এলাহাবাদ ব্যাঙ্ক ই-চালানে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। কোন-কোন কলেজে পড়ানো হবে তার বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওয়েবসাইটে।

THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL
Scanned by CamScanner

১৬৪ পাতার
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
দাম মাত্র ৩০ টাকা
আমরা 'Common' প্রশ্নোত্তর দিই না। 'Uncommon'-এর মধ্যে কীভাবে 'Common' পাওয়া যায় তার পথ বাতলাই
প্রতিটি চাকরির পরীক্ষায় এখন প্রশ্নের ধরন ও রীতি বদলে যাচ্ছে। নতুন ধরনের কঠিন ও আপাত কঠিন প্রশ্ন আর তার উত্তর চটপট বের করার কৌশল শেখানোর
এবার আরো বেশি পাতা আরো সম্ভাব্য প্রশ্নোত্তর
হাতে-কলমে কোচিং
বাঙালি ছেলেমেয়েদের ঘরে বসে চাকরির পরীক্ষার কোচিং নেওয়ার পথ দেখিয়েছে সাফল্য। যুগ বদলের সঙ্গে-সঙ্গে একেবারে সাম্প্রতিক কালের প্রশ্নও গেছে বদলে। সেই নতুন ধরনের প্রশ্নের উত্তর চটপট বের করার কলা-কৌশল শেখাচ্ছেন
বিনামূল্যে ৩২ পাতার রেলের গ্রুপ-ডি'র প্রশ্নোত্তর




সেপ্টেম্বর সংখ্যায় থাকছে
রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
পি.এস সি'র ক্লার্কশিপ পরীক্ষার ৩ সেট প্রশ্নোত্তর
পি.এস.সি'র মিসলেনিয়াস পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
IBPS P.O. পরীক্ষার ২ সেট প্রশ্নোত্তর
রেলের জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর
CPWD'র জুনি. ইঞ্জিনিয়ার পরীক্ষার ১ সেট প্রশ্নোত্তর
আপনার হকারকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন।
Help Line : 983062 4170

# ১৫০ অ্যাপ্রেন্টিস

১ পাতার পর

আই.টি.আই. অ্যাপ্রেন্টিস ট্রেনি নেওয়া হবে এইসব ট্রেডে : এ.আই.সি.টি.ই.'র অনুমোদিত আই.টি.আই. থেকে ফিটার, মেশিনিস্ট, টার্নার, ইলেক্ট্রিশিয়ান, ওয়েল্ডার, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট, শীট মেটার ওয়ার্কার ট্রেডের সার্টিফিকেট কোর্স পাশ হলে সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। কোন ট্রেডে ক'টি শূন্যপদ : মেশিনিস্ট ৪টি, ফিটার ৬টি, টার্নার ৪টি, ইলেক্ট্রিশিয়ান ২টি, ওয়েল্ডার ২টি, কম্পিউটার অপারেটর অ্যান্ড প্রোগ্রামিং অ্যাসিস্ট্যান্ট ১০টি, শীট মেটাল ওয়র্কারে ২টি।

ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস ট্রেনি : পলিটেকনিক থেকে মেকানিক্যাল, প্রোডাকশন, টুল অ্যান্ড ডাই ডিজাইন, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স / ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, / ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন, কম্পিউটার সায়েন্স / ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সংশ্লিষ্ট ট্রেডের জন্য যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ২৭ বছরের মধ্যে। শূন্যপদ : মেকানিক্যাল / প্রোডাকশন/টুল অ্যান্ড ডাই ডিজাইন ১৫টি, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন ১০টি, কম্পিউটার সায়েন্স / ইঞ্জিনিয়ারিং ৫টি।

গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস ট্রেনি (বি.ই. বা, বি.টেক.) : মেকানিক্যাল, প্রোডাকশন, ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন, অ্যারোনটিক্যাল, অ্যারোস্পেস, ইলেক্ট্রনিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স, ইলেক্ট্রনিক্স অ্যান্ডকমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন বা, টেলিকম ইঞ্জিনিয়ারিংয়ের ডিগ্রি কোর্স পাশরা সংশ্লিষ্ট শাখার জন্য যোগ্য। বয়স ওপরের মতো। শূন্যপদ : মেকানিক্যাল / প্রোডাকশন/ ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ৪০টি, অ্যারোনটিক্যাল / অ্যারোস্পেস ২০টি, ইলেক্ট. অ্যান্ড ইলেক্ট্রনিক্স / ইলেক্ট্রনিক্স অ্যান্ড কমিউনিকেশন, ইলেক্ট্রনিক্স অ্যান্ড ইন্সট্রুমেন্টেশন / টেলিকম ১৪টি, কম্পিউটার সায়েন্স / কম্পিউটার ইঞ্জিনিয়ারিং / ইনফর্মেশন সায়েন্স অ্যান্ড টেকনোলজি ১২টি, মেটালার্জি / মেটেরিয়াল সায়েন্স ২টি, সিভিল ২টি।

ওপরের সব ক্ষেত্রে বয়স হতে হবে ৭-৯-২০১৯'এর হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। ট্রেনিংয়ের সময় স্টাইপেন্ড পাবেন। গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিসের বেলায় মাসে ৪,৯৮৪ টাকা, টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিসের বেলায় ৩,৫৪২ টাকা, ট্রেড অ্যাপ্রেন্টিসের বেলায় মজুরীর ৮০% থেকে ৯০%'এর মধ্যে। এই পদের বিজ্ঞপ্তি নং : GTRE/HRD/026 & 027. প্রার্থী বাছাই হবে মেধার ভিত্তিতে। সার্টিফিকেট ভেরিফিকেশনের সময় যাবতীয় প্রমাণপত্রের মূল ও ফর্মের কপি নিয়ে যাবেন। ইন্টারভিউ / লিখিত পরীক্ষার তালিকা বেরোবে ১৭ সেপ্টেম্বর। আই.টি.আই. পাশদের বেলায় ইন্টারভিউ /লিখিত পরীক্ষা হবে ২৪ সেপ্টেম্বর। ডিপ্লোমা অ্যাপ্রেন্টিস পদের বেলায় ইন্টারভিউ /লিখিত পরীক্ষা ২৫ সেপ্টেম্বর, গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস পদের বেলায় ইন্টারভিউ / লিখিত পরীক্ষা হবে ২৬ সেপ্টেম্বর। চূড়ান্ত ফল বেরোবে ৩০ সেপ্টেম্বর।

দরখাস্ত করবেন অনলাইনে, ৭ সেপ্টেম্বরের মধ্যে। এই ওয়েবসাইটে : www.rac.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। তখন যাবতীয় প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। এবার ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে আর স্ক্যান করা প্রমাণপত্র আপলোড করে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্টকরে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

ITI, DIPLOMA & B.TECH
পাশদের সরকারি চাকুরীর পরীক্ষার (Rail, PSC, SSC, DRDO, WBSETCL, DCL, NS etc.) কোচিং দেওয়া হয় মাসিক মাহিনায়।
* ক্লাস প্রতি রবিবার (10 AM-5PM)
* নতুন ব্যাচ শুরু Sep. থেকে।
* বিশেষজ্ঞ Rail Engg. Md. J. Rahaman ও অভিজ্ঞ Prof. Debasis Sir এর গাইডেন্স এ কম সময়ে সাফল্য নিশ্চিত।
BOSE INSTITUTE
SEALDAH
M : 9475222059, 9126099076

GLOBAL DEFENCE ACADEMY
"মাত্র ৬ মাসে স্বপ্নপূরণ"
ভর্তি চলিতেছে
মাঠ থেকে ক্লাসরুম পর্যন্ত চূড়ান্ত সাফল্যের বৃহত্তম প্ল্যাটফর্ম।
ARMY / NAVY / AIR-FORCE / RPF / BSF / WBP / SI / Constable তত্ত্বাবধানে Defence Ex-Serviceman গণ
90% Comm. Study Matt & Library facilities
বর্ধমান / দুর্গাপুর / পুরুলিয়া
9093523592, 7003700237
প্রতিটি Branch-এ মেসে থাকা ও খাওয়ার সুব্যবস্থা

# রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরের কম্পিউটার সেন্টারে কর্মমুখী ট্রেনিং

নিজস্ব প্রতিনিধি : আঞ্চলিক তথা বিশ্ব চাহিদার সঙ্গে সামঞ্জস্য রেখে রামকৃষ্ণ মিশন শিল্পমন্দিরের কম্পিউটার সেন্টারে সফটওয়্যার অ্যাপ্লিকেশন ও কম্পিউটার প্রোগ্রামের উন্নত গুণমানের প্রশিক্ষণ দেওয়া হয়। সফটওয়্যার প্রফেশনালদের এন্ট্রি লেভেলে কাজের জন্য বিভিন্ন ধরনের সফটওয়্যার অ্যাপ্লিকেশন এবং ডেভেলপিং কম্পিউটার প্রোগ্রামিং সম্পর্কে হাতে-কলমে দক্ষতা থাকা দরকার। কম্পিউটারের বিভিন্ন প্রোগ্রামিং ল্যাঙ্গুয়েজ বুঝতে পারলে ধীরে ধীরে দক্ষ হওয়া যায়। এখানে 'লার্নিং বাই ডুইং' পদ্ধতিতে শেখানোর ফলে ছাত্ররা কম্পিউটার এর জটিল সব বিষয়ও খুব সহজেই বুঝতে পারে। এখানে পড়ানো হয় নিম্নলিখিত কোর্সগুলি : (১) Certificate in Computer Applications (CCA), (২) Certificate in Computer Programming & Applications (CCPA), (৩) Certificate In Advanced Computer Programming & Applications (CACPA), (৪) Certificate in Basic Multimedia (CBM), (৫) Certificate in Advanced Multimedia (CAM), (৬) Certificate in Web Page Designing, (৭) Certificate In AutoCAD, (৮) Certificate In Solid Edge, (৯) Certificate in Computer Hardware Maintenance & Networking, (১০) Certificate in Office Automation, (১১) Certificate in Graphics Design & Publishing (CGDP), (১২) Digital Marketing, (১৩) Certificate in Spoken English, (১৪) Certificate in Solid Works. শিক্ষান্তে চাকরির সহায়তা করা হয়। ভরতির জন্য যোগাযোগ করতে হবে এই ঠিকানায় : রামকৃষ্ণ মিশন শিল্পমন্দির কম্পিউটার সেন্টার, ৩১৩ জি.টি. রোড, বেলুড়মঠ, হাওড়া- ৭১১২০২। ☎ (033) 2654 4913 / 4914 / 7739, Mobile : 9874779599.

বি.এড. কোর্সে ভর্তির সুযোগ (২০১৯-২০২১)
Elite B.Ed. College-এ
(NCTE স্বীকৃত ও বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত)
SSC আসন্ন। অল্প খরচে ভর্তির শেষ সুযোগ।
ছোটোখেজুরিয়া, সপ্তগ্রাম, হুগলি
(ব্যান্ডেল স্টেশন থেকে অটোতে ৮ মিনিট)
9163014321
9830841834, 6294987005

হাজার হাজার ছাত্রছাত্রীকে সরকারি চাকরিতে সাফল্যের পথ দেখিয়ে চলেছে জিএসসিই
GSCE
পড়লেই সরকারি চাকরি
Helpline : 9830277100 / 200 / 300

আর্থিকভাবে দুর্বল ছাত্রছাত্রীদের জন্য
GSCE-নিয়ে এল
বেসিক কোর্স
• SSC • Rail • Bank • WBSSC • SLST • TET • Police • Army
বৈশিষ্ট্য :
১। কোর্সের মেয়াদ কমপক্ষে ৬মাস।
২। ৪০০০টাকা+জি.এস.টি।
৩। ৫০০টাকা প্রতি মাস+জি.এস.টি।
৪। অ্যাচিভার্স, অ্যাচিভার্স-ইন-ফোকাস, শিক্ষা চাকরি ও খেলা-এর সাবস্ক্রিপশনের সাথে স্পেশাল স্টাডি কিট-এর ব্যবস্থা আছে।
আসন সংখ্যা সীমিত।
ছাত্রছাত্রীদের অনুরোধে প্রচুর সাড়া জাগানো বেসিক কোর্স আমরা অন্যান্য কেন্দ্রে সিট থাকা পর্যন্ত ভর্তি নেব।
শেষ তারিখ ৭ই সেপ্টেম্বর

সদ্যপ্রকাশিত রাজ্য পুলিশ সাব-ইন্সপেক্টর পরীক্ষায় জিএসসিই-র সফল ছাত্রছাত্রীদের কয়েকজন



সেমিনার
কবে, কোথায়, কখন
সেমিনারে যোগদান করলে আধিকারিকবৃন্দের সুপরামর্শ ছাড়াও মিলবে কিছু মূল্যবান স্টাডি মেটেরিয়ালস্।

| | | |
|---|---|---|
| বাঁকুড়া 8017491727 4/9/19 11.00 am | সোনারপুর 9674087466 5/9/19 12.00 pm | কালিম্পং 9830277171 7/9/19 10.00 am |
| শিলিগুড়ি 9674087473 8/9/19 10.00 am | ধূপগুড়ি 9830277257 8/9/19 2.30 pm | আলিপুরদুয়ার 9674033336 9/9/19 10.00 am |
| কোচবিহার 9830277023 9/9/19 12.00 pm | দিনহাটা 9830277698 9/9/19 2.30 pm | জলপাইগুড়ি 9674025600 10/9/19 10.00 am |

সেমিনারে যারা আসছেন তারা কোর্স ফি-এর উপর বিশেষ ছাড়ের সুবিধা পাবেন।
সেমিনারে আসন সংখ্যা সীমিত। আগে এলে আগে সুযোগ। এক কপি ফোটো ও আধার / ভোটার কার্ডের ফটোকপি নিয়ে আসতে হবে।

বিজ্ঞপ্তি শীঘ্রই
WBCS ও স্কুল সার্ভিসের
রাজ্য সরকারে নিয়োগ হতে চলেছে
শূন্যপদ ৩৩,৬৮৭

যে সমস্ত কোর্সে ভর্তি চলছে
WBCS (Preliminary, Main, Interview + Other Exams)
Regular Combined (CGL, Bank (P.O & Clerk), Rail, Police, PSC, Army etc.)
Crash Course → TET • Primary TET • SLST • Bank

(হেড অফিস)
শিয়ালদহ
১৩৬, বি. বি. গাঙ্গুলি স্ট্রিট, কলকাতা-১২
9051040306
9674087465
উপরিউক্ত নম্বরে ফোন করুন অথবা আপনার নাম ও ফোন নম্বর সহ SMS করুন

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ডানলপ(C.O.) | 9230056673 | বর্ধমান | 9674025700 | পঃমেদিনীপুর | 9230056671 | শিলিগুড়ি | 9674087473 |
| বারাসাত | 9674087467 | কোন্নগর | 9230056667 | বাঁকুড়া | 8017491727 | জলপাইগুড়ি | 9674025600 |
| ব্যারাকপুর | 9230056668 | বোলপুর | 9674012025 | পুরুলিয়া | 9830277820 | কালিম্পং | 9830277171 |
| গড়িয়াহাট | 9230056665 | দুর্গাপুর | 9674025500 | বাগনান | 9674087468 | কোচবিহার | 9830277023 |
| হাওড়া ময়দান | 9230056677 | আসানসোল | 9674087475 | কাঁথি | 9674140376 | মালদা | 9674087472 |
| নেতাজীনগর | 9674087860 | ব্যান্ডেল | 9230056669 | তমলুক | 8697984951 | বালুরঘাট | 9230056676 |
| রানাঘাট | 9674083508 | তারকেশ্বর | 9830277743 | ঝাড়গ্রাম | 9674087874 | বহরমপুর | 9674087471 |
| কৃষ্ণনগর | 9674087470 | কাটোয়া | 9830277230 | | | রায়গঞ্জ | 8017491728 |
| কল্যানী | 9674087469 | | | | | আলিপুরদুয়ার | 9674033336 |
| ডায়মন্ডহারবার | 9230056662 | | | | | ইসলামপুর | 9830277597 |
| সোনারপুর | 9674087466 | | | | | ধূপগুড়ি | 9830277257 |
| ক্যানিং (নতুন কেন্দ্র) | 7031615596 | | | | | দিনহাটা | 9830277698 |

বিজ্ঞপ্তি প্রকাশিত
WB Police S.I. 2019
শূন্যপদ : ৬৬৮
• যোগ্যতা : স্নাতক
• বয়স : ২০-২৭ বছর
ফর্ম ফিল-আপ : ৯/৯/১৯ পর্যন্ত
ফর্ম ফিলাপ সংক্রান্ত সমস্ত কিছু জানতে-
9231036500

Website : www.gsceindia.org
George Telegraph • Since 1920

# সাধারণ জ্ঞান

এখন সব রকমের চাকরির পরীক্ষায় সাধারণ জ্ঞান বিষয়ে প্রশ্ন আসছেই। দুঃখের কথা এই বিষয়টি নিয়ে সব ছেলেমেয়েরাই যতটা গুরুত্ব দেওয়া উচিত ততটা দেয় না। কেন? কারণ হিসাবে তারা বলছে এতবড় সিলেবাস, কোথা থেকে কী প্রশ্ন আসবে? কী ধরণের প্রস্তুতি নিলে সাধারণ জ্ঞান বিষয়েও কমন পাওয়া যাবে তা বুঝে ওঠা একপ্রকার অসম্ভব। এই সমস্যার সমাধান করতে এবার থেকে আমরা সাধারণ জ্ঞানের বিষয়ভিত্তিক ব্যাপারে জোর দিয়ে সম্পূর্ণ নতুনভাবে চাকরির উপযোগী সম্ভাব্য প্রশ্নোত্তরের সেট দিচ্ছি।

THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL

## সাধারণ বিজ্ঞান

### জীববিদ্যা

১। পৃথিবীর সবথেকে বড় প্রাণীকোশের নাম কী — উটপাখির ডিম।

২। রবার্ট ব্রাউন কোশের কোন অংশ



আবিষ্কার করেন — নিউক্লিয়াস।

৩। অ্যাড্রেনাল গ্রন্থির বাইরের অংশকে কী বলে — কর্টেক্স।

৪। মানবদেহের সবথেকে বড় পৌষ্টিক গ্রন্থি কোনটি — যকৃৎ।

৫। অ্যামিবার গমন পদ্ধতি কী নামে পরিচিত — অ্যামিবয়েড গতি।

### পদার্থবিদ্যা

৬। পৃথিবীর কোন স্থানে কোনো বস্তু ভারশূন্য হয়ে যায় — কেন্দ্রে।

৭। নলকূপের হাতল ও তুলাদণ্ড কোন শ্রেণির লিভার — প্রথম শ্রেণি।

৮। 'দ্রুতি' কী রাশি — স্কেলার রাশি।

৯। বিভব পার্থক্যের ব্যবহারিক একক কী — ভোল্ট।

১০। তরঙ্গ কয় প্রকার ও কী কী — ২ প্রকার। অনুদৈর্ঘ্য তরঙ্গ ও তির্যক তরঙ্গ।

### রসায়ন

১১। হাইড্রোজেন গ্যাস কী রঙের শিখায় জ্বলে — নীল।

১২। ঠান্ডা জলে দ্রাব্য কিন্তু গরম জলে অদ্রাব্য, এমন একটি গ্যাসের নাম কী — হাইড্রোজেন সালফাইড।

১৩। নাইট্রোজেনের ক'টি যোজ্যতা — ৫টি।

১৪। সালফারের কেলাসাকার রূপভেদ কী কী — রম্বিক সালফার ও মনোক্লিনিক সালফার।

১৫। সালফারের অনিয়তাকার রূপভেদ কী কী — প্লাস্টিক সালফার ও কলয়ডীয় সালফার।

## ইতিহাস

### ভারতের ইতিহাস

১৬। কলহন রচিত 'রাজতরঙ্গিনী' গ্রন্থ থেকে প্রাচীন ভারতের কোন রাজ্যের ইতিহাস সম্বন্ধে জানা যায় — কাশ্মীরের ইতিহাস।

১৭। 'তীর্থঙ্কর' শব্দের অর্থ কী — জৈনদের প্রধান ধর্মগুরু।

১৮। জৈনদের প্রধান ধর্মগ্রন্থের নাম কী — দ্বাদশ অঙ্গ।

১৯। ভারতের কোন বিদেশি শাসনকর্তারা 'ক্ষত্রপ' উপাধি ধারণ করেন — উত্তর-পশ্চিম ভারতের শক শাসনকর্তারা।

২০। প্রয়াগের মেলা কী নামে পরিচিত ছিল — মহামোক্ষ ক্ষেত্র।

২১। কোন শব্দ থেকে 'মোঙ্গল' শব্দটির উৎপত্তি হয়েছে — মোঙ্গ (এর অর্থ 'নির্ভীক')।

২২। বীরবল কে ছিলেন — সম্রাট আকবরের মন্ত্রী।

### ভারতের স্বাধীনতা সংগ্রাম

২৩। কবে ব্রিটিশ সরকার জন সাইমনের নেতৃত্বে একটি কমিশন নিয়োগ করে — ১৯২৭ সাল।

২৪। গৌতমবুদ্ধের জন্মস্থান কোথায় — কপিলা বস্তুর কাছে লুম্বিনী উদ্যান।

২৫। গৌতমবুদ্ধের প্রথম গুরু কে ছিলেন — আলারাকালামা।

২৬। বল্লাল সেনের পুত্র লক্ষ্মণ সেন যখন সিংহাসনে বসেন, তখন বাংলার রাজধানী কোথায় ছিল — নবদ্বীপ।

২৭। কত সালে সেন বংশের অবসান ঘটে — ১২৬০।

২৮। কে 'মহামল্ল' নামে পরিচিত ছিলেন — প্রথম নরসিংহ বর্মন।

২৯। চন্দ্রগুপ্ত মৌর্য কাকে বিবাহ করেন



— সেলুকাস কন্যা হেলেন।

## ভূগোল

### ভারতের ভূগোল

৩০। ভারতের প্রথম জলবিদ্যুৎ কেন্দ্রের নাম কী — দার্জিলিংয়ের সিদ্রাপং।

৩১। ভারতের সবথেকে বেশি জনঘনত্ব বিশিষ্ট রাজ্য কোনটি — বিহার।

৩২। ভারতের সর্বশ্রেষ্ঠ বক্সাইট উৎপাদক অঞ্চল কোনটি — পালামৌর খনি অঞ্চল।

৩৩। 'সর্দার সরোবর সেচ প্রকল্প' ভারতের কোন রাজ্যে আছে — গুজরাত।

৩৪। আহমেদাবাদ শহরটি কোন নদীর তীরে আছে — সবরমতী।

### আন্তর্জাতিক ভূগোল

৩৫। কোন দেশকে 'দক্ষিণের ব্রিটেন' বলে — নিউজিল্যান্ড।

৩৬। বিশ্ববিখ্যাত 'নায়াগ্রা জলপ্রপাত'



কোন নদী থেকে সৃষ্ট — সেন্ট লরেন্স।

৩৭। কঙ্গো উপত্যকার অতিশয় খর্বাকৃতির লোকেদের কী বলে — পিগমি।

৩৮। ইউরোপের রূঢ় উপত্যকায় প্রধান খনিজ সম্পদ কী — কয়লা।

৩৯। কোন দেশ টিউলিপ ফুলের জন্য বিখ্যাত — হল্যান্ড।

### ভারতীয় রাজ্য ও তাদের রাজধানী

| রাজ্য | রাজধানী |
|---|---|
| আন্ধ্রা প্রদেশ | অমরাবতী |
| অরুণাচল প্রদেশ | ইটানগর |
| অসম | দিসপুর |
| বিহার | পটনা |
| ছত্তিশগড় | রায়পুর |
| গোয়া | পানাজি |
| গুজরাত | গান্ধীনগর |
| হরিয়ানা | চণ্ডীগড় |
| হিমাচল প্রদেশ | সিমলা |
| ঝাড়খণ্ড | রাঁচি |
| কর্ণাটক | বেঙ্গালউরু |
| কেরালা | তিরুবনন্তপুরম |
| মধ্য প্রদেশ | ভোপাল |
| মহারাষ্ট্র | মুম্বই |

— চলবে

## রাষ্ট্রনীতি

৪০। ভারতের কোন রাজ্যে প্রথম রাষ্ট্রপতি শাসন জারি করা হয় — পঞ্জাব।

৪১। কোন পরিপ্রেক্ষিতে হাই কোর্টের কোনো বিচারপতিকে অপসারণ করা যায় — অসদাচরণ বা, অক্ষমতা প্রমাণিত হলে।

৪২। রাজ্যপাল তাঁর কার্যাবলীর জন্য কার কাছে দায়ী থাকেন — রাষ্ট্রপতির কাছে।

৪৩। ভারতীয় সংবিধানের কত নম্বর ধারায় সার্বজনীন প্রাপ্তবয়স্কের ভোটাধিকার স্বীকার করা হয়েছে — ৩২৬ ধারায়।

৪৪। 'ভারতীয় জনতা পার্টির প্রথম সভাপতি কে ছিলেন — অটল বিহারী বাজপেয়ী।

৪৫। রাজ্যের সর্বোচ্চ আদালত কী — হাই কোর্ট।

৪৬। ভারতীয় সংবিধানের জনক বা, অভিভাবক কাকে বলে — সুপ্রিম কোর্টকে।

৪৭। রাষ্ট্রপতি নির্বাচনে বিরোধ দেখা দিলে, তার মীমাংসা কে করে — সুপ্রিম কোর্ট।

## অর্থনীতি

৪৮। 'পাওয়ার গ্রিড কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেড'এর চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর এখন কে — কে. শ্রীকান্ত।

৪৯। জল সংরক্ষণে সম্প্রতি বিশেষ উদ্যোগ নিল 'পি সি চন্দ্র গ্রুপ'। এই উদ্যোগটির নাম কী — স্টপ দি ড্রপ।

৫০। ব্রিটিশ মাসিক পত্রিকা 'ইউরোমানি'র বিচারে, কোন ব্যাঙ্ক সম্প্রতি 'বিশ্বের সেরা ব্যাঙ্ক'এর তালিকায় শীর্ষস্থান পেল — ডিবিএস ব্যাঙ্ক।

৫১। কোন ব্যাঙ্ক সম্প্রতি তাদের ডেবিট কার্ড বন্ধ করে দেওয়ার পরিকল্পনা নিল — স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া।

৫২। কোন ব্যাঙ্ক সম্প্রতি 'স্ট্যান্ডার্ড চার্টার্ড ব্যাঙ্ক'এর সঙ্গে মিলিত হয়ে কো-ব্র্যান্ডেড ক্রেডিট কার্ড চালু করল — বন্ধন ব্যাঙ্ক।

## সাম্প্রতিক ঘটনা

৫৩। ২০১৯ সালে 'বিশ্ব জৈব জ্বালানি দিবস'এর থিম কী ছিল — প্রোডাকশন অফ বায়োডিজেল ফ্রম ইউজড কুকিং অয়েল।

৫৪। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি আদিবাসীদের জন্য 'মুখ্যমন্ত্রী মাদাদ যোজনা'র ঘোষণা করল — মধ্য প্রদেশ সরকার।

৫৫। ২০১৯ সালে কোন বিখ্যাত বিজ্ঞানী সম্মানজনক 'জে সি বোস



ফেলোশিপ' পেলেন — 'সেন্টার ফর সেলুলার অ্যান্ড মলিকিউলার বায়োলজি'র (CCMB) প্রধান বিজ্ঞানী ড. কে.থাঙ্গারাজ।

৫৬। 'সেন্ট্রাল ব্যুরো অফ ইনভেস্টিগেশন'এর (CBI) প্রসিকিউশন ডিরেক্টর এখন কে — সুধা রানি রেলাঙ্গি।

৫৭। ভারতের প্রথম ক্লিনিক্যাল ইকোটক্সিকোলজি সুবিধা কোন শহরে চালু হয়েছে — দিল্লি।

৫৮। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সম্প্রতি চেন্নাইয়ে 'Listening, Learning and Leading' নামে বই উদ্বোধন করলেন। বইটি কোন বিখ্যাত ব্যক্তিত্বের বিষয়ে লেখা হয়েছে — মুপ্পাভারাপু ভেঙ্কাইয়া নাইডু।

৫৯। 'বিশ্ব সিংহ দিবস' কবে পালিত হয় — ১০ আগস্ট।

৬০। ভারতের প্রথম 'সেন্ট্রাল ইনস্টিটিউট অফ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি' (CICET) কোন রাজ্যে গড়ে উঠতে চলেছে — গুজরাত।

৬১। দামোদর গণেশ ব্যাপট (৮৪ বছর), যিনি ২০১৯ সালের ১৭ আগস্ট মারা গেলেন, তিনি কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — সমাজসেবী।

৬২। 'স্পেশাল পারপাস ট্রাস্ট ফান্ড' (SPTF), কোন আন্তর্জাতিক সংস্থার সঙ্গে যুক্ত — রাষ্ট্রসঙ্ঘ।

৬৩। 'বিশ্ব ফটোগ্রাফি দিবস' কবে পালিত হয় — ১৯ আগস্ট।

৬৪। চলচ্চিত্র শিল্পে অবদানের জন্য, কোন বিশিষ্ট ভারতীয় লেখিকাকে



'অফিসার অফ দ্য অর্ডার অফ আর্টস অ্যান্ড লেটার্স' সম্মানে ভূষিত করার সিদ্ধান্ত নিল ফ্রান্স — অরুণা বাসুদেব।

৬৫। 'বিশ্ব মানবিক দিবস' কবে পালিত হয় — ১৯ আগস্ট।

৬৬। ২০১৯ সালে 'বিশ্ব মানবিক দিবস'এর ক্যাম্পেন কী — উওমেন হিউম্যানিটেরিয়ানস।

৬৭। বিখ্যাত 'হজরতগঞ্জ চৌরাহ', যার নাম বদলে রাখা হয়েছে 'অটল চৌক', এটি উত্তর প্রদেশের কোন জেলায় আছে — লখনৌ।

৬৮। 'ন্যাশনাল ইনস্টিটিউট অফ হেলথ অ্যান্ড ফ্যামিলি ওয়েলফেয়ার'এর (NIHFW) সদর দফতর ভারতের কোন শহরে আছে — নয়াদিল্লি।

৬৯। রঞ্জিৎ গুরু (৬১ বছর), যিনি ২০১৯ সালের ১৮ আগস্ট মারা গেলেন, তিনি ভারতের কোন রাজ্যের প্রখ্যাত সাংবাদিক ও কলামিস্ট ছিলেন — ওড়িশা।

৭০। জাতীয় উপজাতি উৎসব 'আদি মহোৎসব' ভারতের কোন অঞ্চলে অনুষ্ঠিত হয়েছে — লাদাখ।

৭১। 'ম্যানবুকার পুরস্কার' কোন ক্ষেত্রে দেওয়া হয় — সাহিত্য।

৭২। রিজিয়া রহমান (৭৯ বছর), যিনি ২০১৯ সালের ১৬ আগস্ট মারা গেলেন, তিনি কোন দেশের প্রখ্যাত ঔপন্যাসিক ছিলেন — বাংলাদেশ।

৭৩। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি শ্রমিকদের শিশুদের জন্য 'অটল বিহারী বাজপেয়ী আবাসিক স্কুল' তৈরির সিদ্ধান্ত নিয়েছে — উত্তর প্রদেশ।

৭৪। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'গ্রাম ও ওয়ার্ড স্বেচ্ছাসেবক ব্যবস্থা' চালু করেছে — আন্ধ্রা প্রদেশ।

৭৫। ২০১৯ সালে কে তামিলনাড়ু সরকারের 'ড. এ.পি.জে আব্দুল কালাম' পুরস্কার পেলেন — 'ইন্ডিয়ান স্পেস রিসার্চ অর্গানাইজেশন'এর (ISRO) চেয়ারম্যান ড. কৈলাসাভাদিভো সিভান।

৭৬। ঔপন্যাসিক মদন মনি দীক্ষিত (৯৬ বছর), যিনি ২০১৯ সালের ১৫ আগস্ট মারা গেলেন, তিনি কোন দেশের লোক ছিলেন — নেপাল।

৭৭। 'জিস্ক ব্যাঙ্ক', যা বিশ্বের প্রথম নেগেটিভ ইন্টারেস্ট রেট মর্টগেজ চালু করেছে, এটি কোন দেশের সঙ্গে সম্পর্কিত — ডেনমার্ক।

৭৮। ভারতের প্রথম 'ন্যাশনাল এসেনশিয়াল ডায়াগনস্টিক্স লিস্ট' (NEDL) কোন সংস্থা চূড়ান্ত করেছে — ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিক্যাল রিসার্চ (ICMR)।

৭৯। 'সুপ্রা প্রকল্প' কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত — বিজ্ঞান ও প্রযুক্তি।

৮০। কোন কেন্দ্রীয় মন্ত্রক সম্প্রতি বার্ষিক পরিচ্ছন্নতা সমীক্ষা 'স্বচ্ছ সুরভেক্ষণ ২০২০'র পঞ্চম সংস্করণ চালু করেছে — কেন্দ্রীয় আবাসন ও নগর বিষয়ক মন্ত্রক (২০২০ সালের জানুয়ারিতে এই সমীক্ষাটি অনুষ্ঠিত হবে)।

৮১। ২০২০ সালের 'স্বচ্ছ সুরভেক্ষণ'এর থিম কী — ক্লিনলিনেস ইজ আওয়ার রাইট।

৮২। 'Kashmir's Untold Story : Declassified' বইটির লেখক কে — ইকবাল চাঁদ মলহোত্রা।

৮৩। ভারতের প্রথম 'বেসরকারি মহাকাশ বিজ্ঞান জাদুঘর' কোন শহরে চালু হয়েছে — হায়দরাবাদ।

৮৪। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি ছাত্র উদ্যোক্তাদের জন্য 'ই-স্টেপ' নামে এক প্রোগ্রাম চালু করেছে — কর্ণাটক।

৮৫। উচ্চশিক্ষার ক্ষেত্রে অসামান্য অবদানের জন্য, ২০১৯ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত ১৪তম 'ওয়ার্ল্ড এডুকেশন সামিট'এ (WES) ভারতের কোন রাজ্য সরকার 'বেস্ট ইনোভেশন অ্যান্ড ইনিশিয়েটিভ লিডারশিপ' পুরস্কার পেল — রাজস্থান।

৮৬। 'ইন্ডিয়ান ন্যাশনাল সায়েন্স আকাদেমি'র (INSA) প্রথম মহিলা সভাপতি কে — বাঙালি বিজ্ঞানী চন্দ্রিমা সাহা।

৮৭। সেনা, নৌ ও বিমান — প্রতিরক্ষার এই ৩ বাহিনীর কাজে সমন্বয় আর প্রধানমন্ত্রী ও ৩ বাহিনীর মধ্যে সেতুবন্ধনের জন্য কাজ করতে, সম্প্রতি এক নতুন পদ চালু করার সিদ্ধান্ত নিল কেন্দ্রীয় সরকার। পদটির নাম কী — 'চিফ অফ ডিফেন্স স্টাফ' (CDS)।

৮৮। কোন কেন্দ্রীয় মন্ত্রক সম্প্রতি 'স্বচ্ছ সুরভক্ষণ গ্রামীণ' চালু করল — জলশক্তি মন্ত্রক।

৮৯। 'পালানি মন্দির'এর 'পঞ্চমীর্থম' সম্প্রতি 'জিওগ্র্যাফিক্যাল আইডেন্টিটি' (GI) ট্যাগ পেল। মন্দিরটি ভারতের কোন রাজ্যে আছে — তামিলনাড়ু।

৯০। কোন সংস্থা সম্প্রতি 'অপারেশন নাম্বার প্লেট' নামে স্পেশাল ড্রাইভ কোড চালু করল — 'রেলওয়ে প্রোটেকশন ফোর্স' (RPF)।

৯১। গুয়াতেমালার প্রেসিডেন্ট নির্বাচনে সম্প্রতি কে জয়ী হলেন — আলেজান্দ্রো এডুয়ার্ডো গিয়াম্মাত্তেই।

৯২। 'বিশ্ব হাতি দিবস' কবে পালিত হয় — ১২ আগস্ট।

৯৩। 'বিশ্ব অঙ্গ দান দিবস' কবে পালিত হয় — ১৩ আগস্ট।

৯৪। 'Sridevi : Girl Woman Superstar' বইটির লেখক কে — সত্যার্থ নায়েক।

৯৫। 'জাতীয় সদভাবনা দিবস' কবে পালিত হয় — ২০ আগস্ট।

Scanned by CamScanner

# সাধারণ জ্ঞান

৯৬। 'গ্রিনপিস'এর তরফ থেকে প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী, সারা বিশ্বে কোন দেশ সবথেকে বেশি 'সালফার ডাইঅক্সাইড' (SO2) বিকিরণ করে — ভারত।

৯৭। প্রথম ভারতীয় শেফ হিসাবে কে সম্প্রতি ফ্রান্স সরকারের 'সিভিলিয়র



দে আই 'অরড্রে ডু মেরিতে আগ্রিকোলেটো' পুরস্কার পেলেন — প্রিয়ম চ্যাটার্জি।

৯৮। ২০১৯ সালের ১৯ আগস্ট মহম্মদ জহুর খৈয়াম হাসমি (৯২ বছর) মারা গেলেন। তিনি কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত ছিলেন — সঙ্গীত।

৯৯। ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি নিকোটিনকে 'Class A Poison' হিসাবে ঘোষণা করেছে — কর্ণাটক।

১০০। সম্প্রতি সাভেন্দ্র সিলভাকে কোন দেশের আর্মি চিফ কম্যান্ডার করা হয়েছে — শ্রীলঙ্কা।

১০১। ২০১৯ সালে নয়াদিল্লিতে অনুষ্ঠিত 'ন্যাশনাল কাউন্সিল অফ টিচার এডুকেশন' (NCTE) আয়োজিত, আন্তর্জাতিক সম্মেলন 'জার্নি অফ টিচার এডুকেশন : লোকাল টু গ্লোবাল'এর সূচনা কে করেছেন — কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়নমন্ত্রী রমেশ পোখরিয়াল 'নিশাঙ্ক'।

১০২। 'জুওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া'র বিজ্ঞানীরা সম্প্রতি ভারতের কোন রাজ্যের নদী থেকে 'Glyptothorax gopii' নামে এক নতুন প্রজাতির মাছের খোঁজ পেয়েছেন — মিজোরাম (মিজোরামের 'কালাদান' নদী থেকে এই মাছের খোঁজ পেয়েছেন বিজ্ঞানীরা)।

১০৩। সব সরকারি স্কুলের পরিকাঠামো উন্নয়নের জন্য, ভারতের কোন রাজ্য সরকার সম্প্রতি 'স্কুল ফাগাদাবা' (মেক এডুকেশন বেটার) নামে এক প্রকল্প চালু করেছে — মণিপুর (মণিপুরের মুখ্যমন্ত্রী নোংথোমবাম বীরেন সিং এই প্রকল্প চালু করেছেন)।

১০৪। ২০১৯ সালে কোন দেশে 'ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন' অনুষ্ঠিত হয়েছে — রাশিয়া (২২ আগস্ট থেকে ২৭ আগস্ট রাশিয়ার কাজানে এটি অনুষ্ঠিত হয়েছে)।

১০৫। 'মাঙ্গদেচ্ছু হাইড্রোইলেক্ট্রিক পাওয়ার প্ল্যান্ট' কোন দেশে চালু হয়েছে — ভুটান (ভুটান-ভারত বন্ধুত্বের প্রকল্প হিসাবে চিহ্নিত ৪,৫০০ কোটির এই হাইড্রোইলেক্ট্রিক প্ল্যান্ট, ভুটানের ত্রোঙ্গসা ডিজোংখাগ জেলার মাঙ্গদেচ্ছু নদীর ওপর অবস্থিত। উদ্বোধন করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী)।

১০৬। 'The Diary of Manu Gandhi (1943 - 44)' বইটির অনুবাদক কে — ড. ত্রিদীপ সুহৃদ।

১০৭। সুদানের প্রধানমন্ত্রী এখন কে — আবদাল্লা হামদোক।

১০৮। সন্ত্রাসে অর্থ জোগানো ও আর্থিক তছরূপ রুখতে যথাযথ পদক্ষেপ নিতে ব্যর্থ হওয়ায়, কোন দেশকে সম্প্রতি 'কালো তালিকাভুক্ত দেশ' বলে ঘোষণা করল 'ফিনান্সিয়াল অ্যাকশন টাস্ক ফোর্স' (FATF) নামে আন্তর্জাতিক আর্থিক পর্যবেক্ষক সংস্থার অধীন 'এশিয়া প্যাসিফিক গ্রুপ' (APG) — পাক-ই-স্তান।

১০৯। 'ডিজিটাল ইন্ডিয়া' ক্যাম্পেনের আওতায়, মধ্য প্রদেশের কোন জেলার বানজারি গ্রামটি, দেশের ডিজিটাল মানচিত্রের অবিচ্ছেদ্য অংশ হয়ে উঠেছে — কাটনি ('বানজারি' মধ্য প্রদেশের প্রথম গ্রাম, যা প্রধানমন্ত্রীর স্বপ্নের প্রকল্প 'ডিজিটাল ইন্ডিয়া'র সঙ্গে যুক্ত)।

১১০। সম্প্রতি প্রকাশিত ২০১৭-'১৮ সালের 'কম্পোজিট ওয়াটার ম্যানেজমেন্ট ইনডেক্স ২.০'তে (CWMI 2.0) ভারতের কোন রাজ্য প্রথম স্থানে রয়েছে — গুজরাত।

১১১। ২০১৯ সালে প্রথম 'ওয়ার্ল্ড ইয়ুথ কনফারেন্স ফর কাইন্ডনেস' ভারতের কোন শহরে অনুষ্ঠিত হয়েছে — নয়াদিল্লি।

১১২। ২০১৯ সালে নয়াদিল্লির বিজ্ঞান ভবনে অনুষ্ঠিত 'ওয়ার্ল্ড ইয়ুথ কনফারেন্স ফর কাইন্ডনেস'এর থিম কী ছিল — বাসুধাইভা কুটুম্বাকম : গান্ধী ফর দ্য কনটেম্পোরারি ওয়ার্ল্ড : সেলিব্রেটিং দ্য ১৫০ বার্থ অ্যানিভার্সারি অফ মহাত্মা গান্ধী।

১১৩। 'আমাজন রেনফরেস্ট' কোন মহাদেশে আছে — দক্ষিণ আমেরিকা।

১১৪। 'ফ্লিপকার্ট'এর প্রতিষ্ঠাতা বিন্নি বনসল ও শচীন বনসলের গল্প নিয়ে প্রকাশিত 'Big Billion Startup : The Untold Flipkart Story' বইটির লেখক কে — মিহির দালাল।

১১৫। 'Fedor' কোন দেশের রোবট — রাশিয়া।

১১৬। 'ওয়ার্ল্ড সিনিয়র সিটিজেন ডে' (WSCD) কবে পালিত হয় — ২১ আগস্ট।

১১৭। ২০১৯ সালে কোন ভারতীয় অধ্যাপিকা 'পুশকিন মেডেল' পেলেন — 'জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়'এর অধ্যাপিকা মিতা নারাইন।

১১৮। 'ডিজিটাল তেলেঙ্গানা'র জন্য, তেলেঙ্গানা সরকার সম্প্রতি কোন প্রযুক্তি সংস্থার সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল — গুগল ইন্ডিয়া।

১১৯। 'ওয়াইল্ডলাইফ ট্রেড মনিটরিং নেটওয়ার্ক' 'TRAFFIC'এর সদর দফতর কোন দেশে আছে — যুক্তরাজ্য।

১২০। কোন আন্তর্জাতিক সংস্থা সম্প্রতি 'কোয়ালিটি আননোন : দ্য ইনভিসিবল ওয়াটার ক্রাইসিস' নামে রিপোর্ট প্রকাশ করেছে — বিশ্বব্যাঙ্ক।

১২১। ভারতের কোন রাজ্য সরকার 'মহাত্মা গান্ধী সরবত সেহত বিমা যোজনা' নামে স্বাস্থ্য বিমা যোজনা চালু করেছে — পঞ্জাব সরকার।

১২২। 'ন্যাশনাল ইনিশিয়েটিভ ফর স্কুল হেডস অ্যান্ড টিচার্স হলিস্টিক অ্যাডভান্সমেন্ট' (NISHTHA) কোন ক্ষেত্রের সঙ্গে যুক্ত — এডুকেশন।

১২৩। বাবুলাল গৌড় (৮৯ বছর), যিনি ২০১৯ সালের ২১ আগস্ট মারা গেলেন, তিনি ভারতের কোন রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী ছিলেন — মধ্য প্রদেশ।

১২৪। 'কমিউনাল হারমোনি ডে' (CHD) কবে পালিত হয় — ২০ আগস্ট।

১২৫। ২০১৯ সালে ফ্রান্সের বিয়ারিটজে অনুষ্ঠিত ৪৫তম 'জি-৭ সম্মেলন'এর থিম কী ছিল — ফাইটিং ইনইকুয়ালিটি।

১২৬। 'ট্রপিক্যাল ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট'এর (TFRI) সদরদফতর ভারতের কোন শহরে আছে — জব্বলপুর।

## খেলাধুলা

১২৭। ২০১৯ সালে ক্যালিফোর্নিয়ায়, 'ইউএস চ্যাম্পিয়নশিপ'এ ২০০ মিটার ব্যক্তিগত মেডলিতে কে সোনার পদক পেলেন — মার্কিন যুক্তরাষ্ট্রের সাঁতারু রায়ান স্টিভেন লোচটে।

১২৮। ২০১৯ সালে 'হাঙ্গেরিয়ান গ্রাঁ প্রি'তে কে চ্যাম্পিয়ন হলেন — ব্রিটিশ রেসিং ড্রাইভার লুইস কার্ল ডেভিডসন হ্যামিল্টন।

১২৯। ২০১৯ সালে 'হাঙ্গেরিয়ান গ্রাঁ প্রি'র ফর্মুলা টু'এ কে চ্যাম্পিয়ন হলেন



— কিংবদন্তি মাইকেল শুম্যাখারের পুত্র মিক শুম্যাখার।

১৩০। ২০১৯ সালে 'ফরাসি সুপার কাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — প্যারিস সেইন্ত জার্মেইন (রেনেকে ২-১ গোলে হারিয়ে)।

১৩১। ২০১৯ সালে 'ইন্টারন্যাশনাল চ্যাম্পিয়ন্স কাপ'এ কোন দল চ্যাম্পিয়ন হল — ম্যাঞ্চেস্টার ইউনাইটেড (এসি মিলানকে টাইব্রেকারে হারিয়ে)।

১৩২। ২০১৯ সালে কোন দল 'জার্মান সুপারকাপ' জিতল — বরুসিয়া ডর্টমুন্ড (বায়ার্ন মিউনিখকে ২-০ ব্যবধানে হারিয়ে)।

১৩৩। ২০১৯ সালে 'পোল্যান্ড ওপন চ্যাম্পিয়নশিপ'এ মহিলাদের ৫৩ কেজি বিভাগে কে চ্যাম্পিয়ন হলেন — ভারতের মহিলা তারকা বীনেশ ফোগট (পোল্যান্ডের তারকা রোক্সানাকে ৩-২ ব্যবধানে হারিয়ে)।

১৩৪। কে সম্প্রতি সর্বকনিষ্ঠ (১৯ বছর) ভারতীয় ব্যাটসম্যান হিসাবে প্রথম শ্রেণির ক্রিকেটে দ্বিশতরান করার নজির গড়লেন — শুভমান গিল (ওয়েস্ট ইন্ডিজ 'এ' দলের বিরুদ্ধে তৃতীয় বেসরকারি টেস্টের দ্বিতীয় ইনিংসে ২৫০ বলে অপরাজিত ২০৪ রানের দুরন্ত ইনিংস খেললেন তিনি। ২০০২ সালে ভারতীয় বোর্ড প্রেসিডেন্ট একাদশের হয়ে জিম্বাবোয়ের বিরুদ্ধে ২১৮ রান করেছিলেন ২০ বছর বয়সি গৌতম গম্ভীর)।

১৩৫। ২০১৯ সালে কোন দল 'টোয়েন্টি-২০ ফিজিক্যাল ডিজ্যাবিলিটি ক্রিকেট ওয়ার্ল্ড সিরিজ' জিতল — ভারত (ইংল্যান্ডকে ৩৬ রানে হারিয়ে)।

১৩৬। কোন প্রাক্তন ভারতীয় ক্রীড়াবিদ সম্প্রতি 'এশিয়ান অ্যাথলেটিক্স সংস্থা'র অ্যাথলিটস কমিশনের সদস্য হলেন — পিলাভুল্লাকান্দি থেক্কেপারাম্বিল উষা।

১৩৭। ভাক্কাদাই বিক্কেশ্বরণ চন্দ্রশেখর (৫৭ বছর), যিনি ২০১৯ সালের ১৪ আগস্ট মারা গেলেন, তিনি কোন খেলার সঙ্গে যুক্ত ছিলেন — ক্রিকেট।

১৩৮। ২০১৯ সালে মোটরস্পোর্টস থেকে প্রথম ভারতীয় হিসাবে কে বিশ্বখেতাব জিতলেন — ঐশ্বর্য পিসাই (হাঙ্গেরিতে মেয়েদের বিভাগে চতুর্থ হওয়ার সুবাদে তিনি ওভারঅল চ্যাম্পিয়নশিপ খেতাব পেলেন)।

১৩৯। ২০১৯ সালে ইংল্যান্ডে অনুষ্ঠিত ত্রিদেশীয় সিরিজে কোন দল চ্যাম্পিয়ন হল — অনূর্ধ্ব-১৯ ভারত (অনূর্ধ্ব-১৯ বাংলাদেশকে ৬ উইকেটে হারিয়ে)।

১৪০। কে সম্প্রতি টোয়েন্টি-২০ ক্রিকেটে ৭ উইকেট দখল করে নজির



গড়লেন — দক্ষিণ আফ্রিকার কলিন নিয়েল অ্যাকেরম্যান (ইংল্যান্ডের ঘরোয়া ক্রিকেটে ভাইটালিটি টোয়েন্টি-২০ ব্লাস্টে, বার্মিংহ্যাম বিয়ার্সের বিরুদ্ধে লিস্টারশায়ারের হয়ে, ৪ ওভারে ১৮ রান খরচ করে ৭ উইকেট দখল করেন তিনি। তিনি ভেঙে দিলেন ২০১১ সালে সমারসেটের আরুল সুপিয়ার ৩.৪ ওভারে ৫ রান দিয়ে ৬ উইকেট নেওয়ার নজির)।

১৪১। ২০১৯ সালে 'হায়দরাবাদ ওপন ব্যাডমিন্টন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — ভারতের সৌরভ ভার্মা (সিঙ্গাপুরের লো কিন ইউকে ২১-১৩, ১৪-২১ ও ২১-১৬ ব্যবধানে হারিয়ে)।

১৪২। ২০১৯ সালে জর্জিয়ায় কুস্তি প্রতিযোগিতায় ৬৫ কেজি বিভাগে কে সোনার পদক পেলেন — ভারতের বজরং পুনিয়া।

১৪৩। ২০১৯ সালে 'মন্ট্রিল ওপন'এ পুরুষদের সিঙ্গলসে কে চ্যাম্পিয়ন হলেন — রাফায়েল নাদাল (রাশিয়ার ড্যানিল মেডভেডেভকে ৬-৩ ও ৬-০ ব্যবধানে হারিয়ে)।

১৪৪। ২০১৯ সালে 'ইউএস জিমন্যাস্টিক্স'এ কে চ্যাম্পিয়ন হলেন — সিমোনে আরিয়ান্নে বাইলস (৭০ বছরের ইতিহাসে টানা ৬ বার এই আসরে চ্যাম্পিয়ন হয়ে তিনি স্পর্শ করলেন ক্লারা লোমাডির কীর্তি)।

১৪৫। ২০১৯ সালে এস্তোনিয়ার তালিনে অনুষ্ঠিত 'বিশ্ব জুনিয়র কুস্তি'তে ছেলেদের ৮৬ কেজি ফ্রিস্টাইলে কে সোনার পদক পেলেন — ভারতের দীপক পুনিয়া (রাশিয়ার আলিক সেবজুকভকে হারিয়ে)।

সঙ্কলক : পলি দেওয়ান


শিলাদিত্য

সাহিত্য সংস্কৃতির মাসিক পত্র উৎসব সংখ্যা ১৪২৬

দাম ৯০ টাকা

বেরোল



বাঙালির মা দুর্গা: পূর্বা সেনগুপ্ত

রবিশংকের বাসের অপ্রকাশিত গল্প : ইদিপাস

রবীন্দ্রনাথের স্বপ্ন সন্ধানে : পার্থসারথি চট্টোপাধ্যায়

সংগীতাচার্য চিন্ময় লাহিড়ী : জয়ন্ত চট্টোপাধ্যায়

রবীন্দ্রনাথের আঁকা এক অপরিচিত ছবি : সুশোভন অধিকারী

ভ্রমণ : জার্মানিতে সুর তরঙ্গে ভেসে। সুনীল দাশ

রম্যরচনা : বোকাদের নিয়ে বকর-বকর। পবিত্র সরকার

ইতিহাস : ইন্দ্রাবতীর আত্মকথা। সৌমিত্র মজুমদার

ধূসর অতীত থেকে উঠে এলেন রাজকন্যা : সফিউন্নিসা

গুরুমা ও মেন্টর অমলাশঙ্কর : তনুশ্রী শঙ্কর

বাস্তবভিত্তিক কাহিনি : পুঁতির মালা : অরিন্দম আচার্য

উমাপ্রসাদ মুখোপাধ্যায়ের কাছে পাঠানো অপ্রকাশিত একগুচ্ছ চিঠি : অনাথবন্ধু চট্টোপাধ্যায়

সিনেমা : সম্পর্কের টানাপোড়েনে তারকারা। সুমন গুপ্ত

ছেলের চরিত্র দিয়েই মাধবীর অভিনয়ের হাতেখড়ি : অনুরাধা সান্যাল

খেলা : ঘটি-বাঙাল আর ফুটবল। দীপঙ্কর গুহ

● বিশিষ্ট গল্পকারদের ১১টি গল্প

● কবিতা ● বিশেষ রচনা

ক্লান্ত প্রাণ এক

শঙ্করলাল ভট্টাচার্য



১৪ অক্টোবর, ১৯৫৪। সেই ভয়ংকর সন্ধ্যা। জীবনানন্দ দাশের পা জড়িয়ে আছে ট্রামের চাকায়। হই চই চিৎকার। হাসপাতালের বেড। সজ্ঞানে বললেন, বড় আচার খাওয়ার ইচ্ছে হচ্ছে।

দৃশ্য বদলে গেল। ২২ অক্টোবর পূর্ণিমার আলো ভাসিয়ে দিচ্ছে কবির নিস্প্রাণ শরীর। পরদিন তরুণ কবি ও লেখকদের মিছিল তাঁকে নিয়ে চলেছে শ্মশানে। কোরাসে কবির কবিতা।

ফ্ল্যাশব্যাকে বরিশাল শহর। কবির দিন যাপনের টুকরো টুকরো ছবি। দাম্পত্যের একটু সংলাপ। শান্তিনিকেতনে সুভায মুখোপাধ্যায়, বুদ্ধদেব বসুর বক্তৃতায় কবির সৃজনীসত্তার বিশ্লেষণ। অশোকানন্দর সঙ্গে কবির ব্যক্তিগত কথা। পছন্দের বাড়ির জন্য জমি খোঁজা। একটা গোটা জীবনবৃত্তে অদ্ভুত এক কবিকে খুঁজে ফেরা — দৃশ্যের পর দৃশ্য সাজিয়ে। বৃত্ত সম্পূর্ণ হয় কবির চিতার সামনে, 'রূপসী বাংলা' কবিতায়। খসড়া চিত্রনাট্য।

বেরোনোমাত্রই ফুরোবে। সংবাদপত্র বিক্রেতাকে বলে রাখুন। ঘরে বসেই পাবেন। Help Line : 9830624170


EDUCATION HOUSE YOUTUBE CHANNEL

Scanned by CamScanner

THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL

## এক নজরে সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

১৮ আগস্ট : প্রখ্যাত ওড়িশি সাংবাদিক ও কলামিস্ট রঞ্জিৎ গুরু (৬১ বছর) মারা গেলেন।

□ আইসল্যান্ড সরকারের এক চাঞ্চল্যকর তথ্য অনুযায়ী, বিশ্ব উষ্ণায়নের প্রভাবে সব শীতল অঞ্চলে সব হিমবাহ গলতে শুরু করেছে। তারা জানিয়েছে, 'ওকেজাকাল' নামে একটি হিমবাহ সম্পূর্ণ গলে গিয়েছে। তাই হিমবাহটির স্মরণে একটি ব্রঞ্জের ফলক স্থাপন করেছে সেদেশের সরকার। বিজ্ঞানীরা জানিয়েছেন, আইসল্যান্ডের পশ্চিমে এই হিমবাহটি দ্রুতগতিতে গলছিল। এই হিমবাহটি ছাড়াও দেশটির আরও ৪০০টি হিমবাহ গলে যাওয়ার আশঙ্কা রয়েছে।

□ মুম্বইয়ে ভূগর্ভস্থ 'বাঙ্কার মিউজিয়াম'এর উদ্বোধন করলেন রাষ্ট্রপতি রামনাথ কোবিন্দ।

□ মিজোরামের 'কালাদান' নদী থেকে, 'Glyptothorax gopii' নামে এক নতুন প্রজাতির মাছের খোঁজ পেলেন 'জুওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া'র বিজ্ঞানীরা।

□ রাজ্যের সব সরকারি স্কুলের পরিকাঠামো উন্নয়নের জন্য, 'স্কুল ফাগাদাবা' (মেক এডুকেশন বেটার) নামে এক প্রকল্প চালু করলেন মণিপুরের মুখ্যমন্ত্রী নোংথোমবাম বীরেন সিং।




চেক প্রজাতন্ত্রে অনুষ্ঠিত, 'অ্যাথলেটিকি মিটিঙ্ক রেইটার ইভেন্ট'এ মহিলাদের ৩০০ মিটার বিভাগে সোনার পদক পেলেন ভারতীয় তারকা হিমা দাস। এই প্রতিযোগিতায় পুরুষদের ৩০০ মিটারে সোনার পদক পেলেন ভারতের মহম্মদ আনাস।

□ বেসামরিক সরকার গড়ে গণতন্ত্র প্রতিষ্ঠার লক্ষ্যে, সুদানের সামরিক কাউন্সিলের সঙ্গে গণতন্ত্রপন্থী সব বিরোধী দলের মধ্যে ক্ষমতার ভাগাভাগি নিয়ে একটি ঐতিহাসিক সাংবিধানিক চুক্তি স্বাক্ষরিত হল। এই চুক্তির মধ্যে দিয়ে সুদানে গণতান্ত্রিক ভোট প্রক্রিয়ার মাধ্যমে প্রথম বেসামরিক শাসনব্যবস্থা প্রতিষ্ঠার পথ তৈরি হল।

১৯ আগস্ট : ক্যান্সারে আক্রান্ত হয়ে, বিহারের প্রাক্তন মুখ্যমন্ত্রী জগন্নাথ মিশ্র (৮২ বছর) মারা গেলেন।

বলিউডের প্রখ্যাত সুরকার 'পদ্মভূষণ'প্রাপ্ত মহম্মদ জহুর খৈয়াম হাসমি (৯২ বছর) মারা গেলেন।



□ ২০১৯ সালে সম্মানজনক 'জে সি বোস ফেলোশিপ' পেলেন 'সেন্টার ফর সেলুলার অ্যান্ড মলিকিউলার বায়োলজি'র (CCMB) প্রধান বিজ্ঞানী ড. কে.থাঙ্গারাজ।

□ সংযুক্ত আরব আমিরশাহির সর্বোচ্চ অসামরিক সম্মান 'অর্ডার অফ জাইদ'এ সম্মানিত হলেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী।

□ 'রোটা' ভাইরাস প্রতিরোধে রাজ্যে শিশুদের জন্য 'রোটা' ভ্যাকসিন দেওয়া চালু হবে বলে ঘোষণা করল স্বাস্থ্য দফতর। এতদিন রাজ্যে এই ভ্যাকসিন চালু ছিল না। বেসরকারি প্রতিষ্ঠান থেকে অনেক টাকা খরচ করে শিশুদের এই ভ্যাকসিন দেওয়া হত। এবার থেকে সরকারি স্তরে সম্পূর্ণ বিনামূল্যে শিশুরা এই ভ্যাকসিন পাবে।

□ কেন্দ্রীয় রাসায়নিক ও সার প্রতিমন্ত্রী মনসুখ মান্ডভিয়া জানালেন, রাসায়নিক শিল্পকে উৎসাহ দিতে, ভারতের প্রথম 'সেন্ট্রাল ইনস্টিটিউট অফ কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি' (CJCET) গড়ে উঠতে চলেছে গুজরাতে।

□ দেশের ৩,০০০ স্টেশনে বিনামূল্যে ওয়াই-ফাই পরিষেবা সম্পূর্ণ করল ভারতীয় রেল।

□ ভারতের প্রথম ক্রীড়াবিদ হিসাবে, 'রাষ্ট্রসঙ্ঘ'এর আন্তর্জাতিক শান্তি দিবসে বক্তব্য রাখবেন গ্র্যান্ডমাস্টার প্রদীপ্ত কুমার রায়। ২১ সেপ্টেম্বর, দক্ষিণ কোরিয়ার গোয়াঙ্গুতে বিশ্বের বিভিন্ন বড় নেতা, শিক্ষাবিদ ও বিখ্যাত ব্যক্তিদের সামনে বক্তব্য রাখবেন তিনি।

□ ১৯ আগস্ট 'বিশ্ব মানবতা দিবস' উপলক্ষ্যে 'রাষ্ট্রসঙ্ঘ'এর এক রিপোর্ট অনুযায়ী, সারা বিশ্বে এখন ৭ কোটিরও বেশি শরণার্থী রয়েছে, যা দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর নজির বলে উল্লেখ করেছে 'রাষ্ট্রসঙ্ঘ'। এর কারণ হিসাবে বলা হয়েছে, যুদ্ধ, সন্ত্রাস, উষ্ণায়ন, রাষ্ট্রীয় শোষণ ও নিপীড়নের মতো বিষয়কে।

## কমন পেতে জরুরি তথ্য

প্রত্যেক সপ্তাহে বিশ্ব জুড়ে অনেক ঘটনা ঘটে, যা আগামী দিনে চাকরির পরীক্ষায় সাম্প্রতিক ঘটনার প্রশ্ন হিসাবে আসে। কিন্তু কোন কোন ঘটনা কমন আসবেই তা বুঝতে পরীক্ষার্থীদের কালঘাম ছুটে যায়। সেই উদ্দেশ্যে চালু হয়েছে এই নতুন বিভাগ।

# ৪৫তম জি-সেভেন সম্মেলন

সারা বিশ্বে ঘটে চলা নানা সংকট নিয়ে উত্তপ্ত আলোচনার মধ্যে দিয়ে শেষ হল এবছরের ৪৫তম 'জি-সেভেন সম্মেলন'। ২৪ আগস্ট থেকে ২৬ আগস্ট, এই সম্মেলনের আসর বসেছিল ফ্রান্সের বিয়ারিৎজের নউভেল্লে-আকিতেনে 'হোটেল দু পালাইস'এ। আমাজনের রেনফরেস্টে আগুন, ইরানের ওপর নিষেধাজ্ঞা থেকে শুরু করে চিনের সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রের বাণিজ্য যুদ্ধ — সব বিষয়েই আলোচনা হয়েছে।



### একনজরে এবছরের জি-সেভেন সম্মেলনের গুরুত্বপূর্ণ অংশ

- 'জি-সেভেন'এর পুরো নাম 'গ্রুপ অফ সেভেন'।
- 'জি-সেভেন সম্মেলন' একটি বার্ষিক অনুষ্ঠান, যেখানে ৭টি শক্তিশালী দেশের রাষ্ট্রপ্রধানরা বিশ্বের বিভিন্ন ইস্যু নিয়ে আলোচনা করতে একত্রিত হন।
- ১৯৭৫ সালে এই সম্মেলন শুরু হয়। তখন এটি ছিল 'জি-সিক্স সম্মেলন'। সদস্য দেশ ছিল — ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও মার্কিন যুক্তরাষ্ট্র।
- এবছর 'জি-সেভেন সম্মেলন' ৪৫তম বছরে পা দিল।
- এবছরের আয়োজক দেশ ফ্রান্স। এই নিয়ে ৭ বার (১৯৭৫, ১৯৮২, ১৯৮৯, ১৯৯৬, ২০০৩, ২০১১ ও ২০১৯) 'জি-সেভেন সম্মেলন' আয়োজন করল ফ্রান্স।
- ১৯৭৫ সালে 'জি-সিক্স'এর প্রথম সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল ফ্রান্সের রামবউইলেটে।
- এবছর 'জি-সেভেন সম্মেলন'এর থিম ছিল 'কমব্যাটিং ইনইক্যুয়ালিটি' ও মূল ফোকাস ছিল জলবায়ু ও জীববৈচিত্র্যের দিকে।

২০২০ সালে ৪৬তম 'জি-সেভেন সম্মেলন' আয়োজন করবে মার্কিন যুক্তরাষ্ট্র।

- 'জি-সেভেন'এর ৭ সদস্য দেশের রাষ্ট্রনেতাদের মধ্যে বাণিজ্য, জলবায়ু-সহ বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়েছে এই সম্মেলনে।
- সম্মেলনের বিদায়লগ্নে মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানান, সম্ভব হলে ২০২০ সালে রাশিয়াকে ফিরিয়ে নিয়ে আবার গড়া হবে 'জি-এইট' ফোরাম।
- প্রসঙ্গত উল্লেখ্য, ১৯৯৮ সাল থেকে ২০১৪ সাল পর্যন্ত 'জি-এইট সম্মেলন'এর সদস্য দেশ ছিল রাশিয়া। কিন্তু ইউক্রেন যুদ্ধ ও স্বশাসিত ক্রিমিয়া অঞ্চল ইউক্রেন ছেড়ে রাশিয়ার সঙ্গে সংযুক্তির জেরে 'জি-এইট' থেকে রাশিয়াকে বাদ দিয়ে 'জি-সেভেন' হয়।
- যুক্তরাজ্যের প্রধানমন্ত্রী আলেকজান্ডার বরিস দে পিফেফেল জনসনের এটি প্রথম 'জি-সেভেন সম্মেলন' ও 'ইউরোপীয় ইউনিয়ন'এর কাউন্সিল প্রেসিডেন্ট ডোনাল্ড ফ্র্যান্সিসজেক টাস্কের এটি শেষ 'জি-সেভেন সম্মেলন'।
- আমাজন বনাঞ্চলে আগুন নিয়ন্ত্রণে আনতে ও পুনর্গঠনের কাজ করতে, 'জি-সেভেন সম্মেলন'এ ২০ লাখ মার্কিন ডলার অর্থ সাহায্যের প্রস্তাব দেওয়া হয়েছিল। কিন্তু সেই প্রস্তাব খারিজ করে দিয়েছে ব্রাজিলের প্রশাসন।
- দ্বিতীয় দিনে নয়া মোড় নেয় 'জি-সেভেন সম্মেলন'। কারণ, আচমকা ফ্রান্সে পৌঁছান ইরানের বিদেশমন্ত্রী মহম্মদ জাভেদ জারিফ। হতভম্ব হয়ে যান সবাই। কানাঘুষো শুরু হয়ে যায় আন্তর্জাতিক মহলে। যেহেতু ইরান এই ফোরামের সদস্য নয়, তাই ইরানের এই সম্মেলনে যোগ দেওয়ার কোনো কথাই ছিল না। সম্মেলনের ফাঁকে ফ্রান্সের প্রেসিডেন্ট ম্যাক্রোঁ ও বিদেশমন্ত্রীর সঙ্গে ২ দফায় সাড়ে ৩ ঘন্টা বৈঠক করেন জারিফ।
- বিশেষ আমন্ত্রিত দেশ হিসাবে আবুধাবি থেকে ফ্রান্সে যান ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদী। প্রায় ১০ বছর পর ভারতকে এই সম্মেলনে আমন্ত্রণ জানানো হয়েছে। শেষবার ভারত আমন্ত্রিত হয়েছিল ২০০৫ সালে, যখন ব্রিটিশ প্রধানমন্ত্রী অ্যান্থনি চার্লস লিন্টন ব্লেয়ার (টনি ব্লেয়ার), ভারতের প্রধানমন্ত্রী মনমোহন সিংকে স্কটল্যান্ডের গ্লেনেগালসে 'জি-সেভেন সম্মেলন'এ আমন্ত্রণ জানিয়েছিলেন।
- কাশ্মীর সমস্যা সমাধানে মধ্যস্থতা করতে চেয়ে আগ্রহ দেখিয়েছিলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কিন্তু মোদী জানিয়েছেন, কাশ্মীর ইস্যু একান্তই ভারত ও পাক-ই-স্তানের দ্বিপাক্ষিক বিষয়। এর মধ্যে তৃতীয় কোনো পক্ষের মতামতের দরকার নেই।
- সম্মেলনের শেষ দিন বিয়ারিৎজের বিখ্যাত লাইটহাউস ও সমুদ্রকে পিছনে রেখে গ্রুপ ছবিও তুলেছেন জি-সেভেন শীর্ষ সম্মেলনে উপস্থিত রাষ্ট্রনায়ক ও অতিথিরা।

### জি-সেভেন সম্মেলনের সদস্য, প্রতিনিধিত্বকারী ও তাঁদের পদ

| সদস্য | প্রতিনিধিত্বকারী | পদ |
|---|---|---|
| কানাডা | জাস্টিন পিয়েরে জেমস ট্রুডো | প্রধানমন্ত্রী |
| ফ্রান্স | ইমানুয়েল জেন-মাইকেল ফ্রেডেরিক ম্যাক্রোঁ | প্রেসিডেন্ট |
| জার্মানি | অ্যাঞ্জেলা ডরোথেয়া মর্কেল | চ্যান্সেলর |
| ইতালি | গিউসেপ্পে কন্টে | প্রধানমন্ত্রী |
| জাপান | শিনজো আবে | প্রধানমন্ত্রী |
| যুক্তরাজ্য | আলেকজান্ডার বরিস দে পিফেফেল জনসন | প্রধানমন্ত্রী |
| মার্কিন যুক্তরাষ্ট্র | ডোনাল্ড জন ট্রাম্প | প্রেসিডেন্ট |
| ইউরোপীয় ইউনিয়ন | ডোনাল্ড ফ্র্যান্সিসজেক টাস্ক | কাউন্সিল প্রেসিডেন্ট |

### জি-সেভেন সম্মেলনের আমন্ত্রিত দেশ, প্রতিনিধিত্বকারী ও তাঁদের পদ

| দেশ | প্রতিনিধিত্বকারী | পদ |
|---|---|---|
| ভারত | নরেন্দ্র দামোদরদাস মোদী | প্রধানমন্ত্রী |
| অস্ট্রেলিয়া | স্কট জন মরিসন | প্রধানমন্ত্রী |
| বুরকিনা ফাসো | রচ মার্ক ক্রিস্টিয়ান কাবোরে | প্রেসিডেন্ট |
| চিলি | মিগুয়েল জুয়ান সেবাস্তিয়ান পিনেরা ইচেনিক | প্রেসিডেন্ট |
| মিশর | আব্দেল ফাত্তাহ সইদ হুসেইন খালিল আল-সিসি | প্রেসিডেন্ট |
| রুয়ান্ডা | পল কাগামে | প্রেসিডেন্ট |
| সেনেগাল | ম্যাকি সল | প্রেসিডেন্ট |
| দক্ষিণ আফ্রিকা | মাতামেলা সিরিল রামাফোসা | প্রেসিডেন্ট |
| স্পেন | পেদ্রো স্যাঞ্চেজ পেরেজ-কাস্তেজন | প্রধানমন্ত্রী |



Scanned by CamScanner

# সাম্প্রতিক ঘটনাপ্রবাহ এক নজরে

□ 'গ্রিনপিস'এর তরফ থেকে প্রকাশিত এক রিপোর্ট অনুযায়ী, সারা বিশ্বে সবথেকে বেশি বায়ুদূষণের অন্যতম কারণ 'সালফার ডাইঅক্সাইড' (SO2) উৎপাদন করে ভারত। 'ন্যাশনাল অ্যারোনটিক্স অ্যান্ড স্পেস অ্যাডমিনিস্ট্রেশন'এর (NASA) 'ওজোন মনিটরিং ইন্সট্রুমেন্ট' (OMI) কৃত্রিম উপগ্রহের পাঠানো তথ্যে বিষয়টি ধরা পড়েছে। সারা বিশ্বে যেসব সালফার ডাইঅক্সাইড হটস্পট রয়েছে, ভারত সবার থেকে এগিয়ে, প্রায় ১৫% বেশি।

□ ডেঙ্গু প্রতিরোধে এই প্রথম ভ্যাকসিনে অনুমোদন দিল মার্কিন যুক্তরাষ্ট্র। ৯ বছর থেকে ১৬ বছর বয়সি ডেঙ্গু আক্রান্তদের জন্য প্রযোজ্য 'ডেঙ্গভেক্সিয়া' নামে এই প্রতিষেধক ভ্যাকসিনে ছাড়পত্র দিল 'ইউএস ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন'।

□ মানুষের মনে ফুরফুরে আমেজ আনতে, 'মিউজিক্যাল রোড' নামে এক অভিনব রাস্তা তৈরি করল জাপান সরকার। এই অভিনব ধারণার পথিকৃৎ হলেন প্রখ্যাত জাপানি ইঞ্জিনিয়ার তথা 'হোক্কাইডো ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ ইনস্টিটিউট'এর প্রধান অধিকর্তা শিজুয়ো শিনোদা। প্রসঙ্গত উল্লেখ্য, 'মিউজিক্যাল রোড'এর কিছুটা অন্তর অন্তর সরু সরু কাটাদাগের মতো। এগুলি সাউন্ড সিস্টেম চ্যানেল। এই চ্যানেলের ভিতরে রয়েছে বিশেষ ধরণের প্রযুক্তি। ওই চ্যানেলের ওপর দিয়ে গাড়ি গেলে সেখানে মৃদু কম্পন সৃষ্টি হয়। সেই কম্পন থেকেই ভেসে আসে গান।

### তেনজিং নোরগে ন্যাশনাল অ্যাডভেঞ্চার পুরস্কার — ২০১৮

| নাম | বিভাগ |
|---|---|
| অপর্ণা কুমার | ল্যান্ড অ্যাডভেঞ্চার |
| প্রয়াত দীপঙ্কর ঘোষ | ল্যান্ড অ্যাডভেঞ্চার |
| মনিকন্দন কে. | ল্যান্ড অ্যাডভেঞ্চার |
| প্রভাত রাজু কোলি | ওয়াটার অ্যাডভেঞ্চার |
| রামেশ্বর জাংড়া | এয়ার অ্যাডভেঞ্চার |
| ওয়াংচুক শেরপা | জীবনকৃতি সম্মান |

□ 'মেরিলিবোন ক্রিকেট ক্লাব'এর (MCC) সাম্মানিক আজীবন সদস্যপদ পেলেন অস্ট্রেলিয়ার প্রাক্তন পেস বোলার মিচেল জনসন।

□ 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ সানরাইজার্স হায়দরাবাদের কোচ হলেন প্রাক্তন অস্ট্রেলীয় তারকা ব্র্যাড হাডিন।



বেলজিয়ান টেনিস তারকা ডেভিড গফিনকে ৭-৬ (৭-৩) ও ৬-৪ ব্যবধানে হারিয়ে, 'সিনসিনাটি মাস্টার্স টেনিস'এ পুরুষদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন রাশিয়ার ড্যানিল মেডভেডেভ। অন্যদিকে, রাশিয়ার শ্বেতলানা আলেকজান্দ্রোভনা কুজনেৎসোভাকে ৭-৫ ও ৭-৬ (৭-৫) ব্যবধানে হারিয়ে, 'সিনসিনাটি মাস্টার্স টেনিস'এ মহিলাদের সিঙ্গলসে চ্যাম্পিয়ন হলেন মার্কিন যুক্তরাষ্ট্রের ম্যাডিসন কেস।

**২০ আগস্ট :** শ্রীলঙ্কার আর্মি চিফ কম্যান্ডার হলেন সাভেন্দ্র সিলভা।

□ 'সেরা গ্রন্থাগার' সম্মান চালু করল পশ্চিমবঙ্গ সরকার। সেইসঙ্গে সম্মানিত হবেন সেরা পাঠকও।

□ ভারতের প্রথম 'বেসরকারি মহাকাশ বিজ্ঞান জাদুঘর' চালু হল হায়দরাবাদে।

□ 'নিকোটিন'কে 'Class A Poison' হিসাবে ঘোষণা করল কর্ণাটক সরকার।

□ 'বিশ্ব চ্যাম্পিয়নশিপ'এ যোগ্যতা অর্জন করলেন ভারতের তারকা কুস্তিগির সুশীল কুমার। ১৪ সেপ্টেম্বর শুরু হবে 'বিশ্ব কুস্তি চ্যাম্পিয়নশিপ'। সুশীল নামবেন ৭৪ কেজি বিভাগে।

**২১ আগস্ট :** মধ্য প্রদেশের প্রাক্তন মুখ্যমন্ত্রী বাবুলাল গৌড় (৮৯ বছর) মারা গেলেন।

□ ২ বছরের জন্য নতুন ক্যাবিনেট সচিব হতে চলেছেন রাজীব গৌবা।

□ ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর 'মেক ইন ইন্ডিয়া'র ভাবনা রূপায়ণ করতে, মহারাষ্ট্রের পুণে শহরের মেট্রো রেলে চলবে অত্যাধুনিক শিল্প-প্রযুক্তি কৌশলে তৈরি অ্যালুমিনিয়ামের কোচ। এই কোচ তৈরির বরাত পেয়েছে রাজ্যের রেল সামগ্রী নির্মাণ সংস্থা 'টিটাগড় ওয়াগনস লিমিটেড'। ভারতে এই প্রথম চিরাচরিত কামরার থেকে অনেক বেশি হালকা কোচ তৈরির প্রযুক্তি ব্যবহারে ট্রেনের গতিও অনেক বাড়বে।

□ 'ডিজিটাল তেলেঙ্গানা'র জন্য, 'গুগল ইন্ডিয়া' র সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল তেলেঙ্গানা সরকার।

□ 'মাউন্ট এভারেস্ট' অঞ্চলে প্লাস্টিকের ব্যবহার নিষিদ্ধ করল নেপাল সরকার।

□ কট্টরপন্থী স্বরাষ্ট্রমন্ত্রী মাট্টেও স্যালভিনির সঙ্গে সংঘাতের জেরে শেষপর্যন্ত ১৪ মাসের মাথায় পদত্যাগ করলেন ইতালির প্রধানমন্ত্রী গিউসেপ্পে কন্টে।

□ টোকিওতে, অলিম্পিক টেস্ট ইভেন্টে চ্যাম্পিয়ন হল ভারতের পুরুষ ও মহিলা হকি দল। ছেলেরা নিউজিল্যান্ডকে হারিয়েছে ৫-০ ব্যবধানে ও মেয়েরা জাপানকে হারিয়েছে ২-১ ব্যবধানে।

□ পুদুচেরি ক্রিকেট দলের মেন্টর হলেন প্রাক্তন ক্যারিবিয়ান তারকা আলভিন কালীচরণ।

**২২ আগস্ট :** ২০১৯ সালে 'পুশকিন মেডেল' পেলেন 'জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়'এর ভারতীয় অধ্যাপিকা মিতা নারাইন।

□ সুদানের প্রধানমন্ত্রী হলেন আবদাল্লা হামদোক।

□ কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রকের নতুন সচিব হলেন অজয় কুমার ভাল্লা।

□ শহরাঞ্চলে তরুণ প্রজন্মের রাতকানা রোগ রুখতে, এবার 'প্যাকেজড' দুধে ভিটামিন 'এ' ও ভিটামিন 'ডি' যুক্ত করার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ দফতরের সংস্থা 'মাদার ডেয়ারি'।

□ 'হেরিটেজ' তকমা পেল কলকাতা, ব্যারাকপুর, চন্দননগর ও হুগলির ৯টি প্রাচীন স্থাপত্য। এগুলি হল — ব্যারাকপুরের শিবশক্তি অন্নপূর্ণা মন্দির, হুগলির পোলবার মহানাদের ব্রহ্মময়ী কালীমাতা মন্দির, চন্দননগরের কৃষ্ণ ভবানী নারী শিক্ষা মন্দির, প্রবর্তক সঙ্ঘের শ্রীমন্দির, নন্দলাল ভড়ের বাড়ি, ব্যারাকপুরের স্টুয়ার্ট সাহেবের কুঠি (নীলকুঠি হিসাবে পরিচিত), সেন্ট বার্থোলোমিউস ক্যাথিড্রাল, কমনওয়েলথ ওয়ার কবরখানা, কলেজ স্ট্রিটের দেবসাহিত্য কুটির প্রকাশনা ভবন।

□ 'ফোর্বস' পত্রিকার বিচারে ২০১৯ সালের বিশ্বের সেরা ১০ সর্বাধিক উপার্জনশীল অভিনেতার তালিকায় চতুর্থ স্থান পেলেন অক্ষয় কুমার। ২০১৮ সালের ১ জুন থেকে ২০১৯ সালের ১ জুন পর্যন্ত তিনি আয় করেছেন অন্তত ৬৫ মিলিয়ন মার্কিন ডলার। এই তালিকার শীর্ষ স্থানে রয়েছেন অভিনেতা ডোয়েন জনসন। তাঁর আয় ৮ কোটি ৯৪ লাখ মার্কিন ডলার।

□ বেয়ার গ্রিলসের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র দামোদরদাস মোদীর 'ম্যান ভার্সেস ওয়াইল্ড' শো সর্বোচ্চ দর্শক টানার নজির গড়ল। 'ডিসকভারি চ্যানেল' কর্তৃপক্ষ জানিয়েছে, ১২ আগস্টের রাত ৯টার শো দেখেছেন ৩৬.৯ লাখ জনতা। টিউন করেছেন ৬১ লাখ।

□ 'স্যাসটেইনেবল ডেভেলপমেন্ট গোলস' (SDGs) বাস্তবায়নের জন্য, 'ইউনাইটেড নেশনস ডেভেলপমেন্ট প্রোগ্রাম'এর (UNDP) সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করল পঞ্জাব সরকার।

□ রাশিয়ার কাজানে শুরু হল 'ওয়ার্ল্ড স্কিলস কম্পিটিশন'। চলবে ২৭ আগস্ট পর্যন্ত।

□ ভারতীয় দলের নতুন ব্যাটিং কোচ হলেন বিক্রম রাঠোর।

☞ এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL

Admission for 2019
YOUR FUTURE STARTS HERE
GROUP OF INSTITUTIONS
COURSES OFFERED
Polytechnic
Civil, Mechanical, Electrical, Computer Sc. & Technology, Electronics & Telecommunication
B.Tech.
Civil, Mechanical, Electrical, Electrical & Electronics, Electronics & Communication, Computer Sc.
Management (UG) BBA, BHM, BCA
Management (PG) MHA, MCA
M.Tech.
Civil (Structural), Mechanical (Design), Computer Science, Electrical (Machine & Drives), Electronics & Communication Engg. (MVLSI)
We are also offering ELECTRICIAN & FITTER Course for ITI Students
Rated as a TOP 10 in SELF FINANCE COLLEGE
Special Facilities for WORKING PROFESSIONALS of B.Tech. Lateral Entry & VOCLET Students.
SCHOLARSHIP
EXPERT FACULTY
BOOK BANK
FEES IN INSTALLMENTS
• LARGEST CAMPUS IN W.B.
• HIGHEST ADMISSION CAPACITY IN LATERAL ENTRY
• ITI to M.TECH. under ONE ROOF
• Pioneer in MAKAUT (WB) in M.Tech. Structural (Civil)
for details application, fees, scholarship etc.
9083265521
9083265522
www.istonline.org.in
admission@istonline.org.in
INSTITUTE of SCIENCE & TECHNOLOGY
Approved by AICTE, Recognised by Govt. of W.B. & Affiliated to MAKAUT (WB), WBSCT & VE & SD & NCVT
CAMPUS : Chandrakona Town, Paschim Medinipur, 721201, W.B., India
A unit of GOPSAI AVINANDAN SANGHA

Admission for 2019-20
Career Oriented Courses
ONE & ONLY
PHARMACY COLLEGE in Paschim Medinipur



COURSES OFFERING
B. Pharm.
D. Pharm.
College Highlights:
SCHOLARSHIP
FEES IN INSTALLMENTS
RESERVATION FOR GIRLS
BOOK BANK FACILITY
FREE WI-FI CAMPUS
LAVISH GREENERY
RAGGING FREE CAMPUS
for details application, fees, scholarship etc.
9083265521
9083265522
www.pgims.org.in
pgimsonline@gmail.com
P. G. INSTITUTE of MEDICAL SCIENCES
Approved by AICTE & PCI (Govt. of India), Recognised by Govt. of W.B. & Affiliated to MAKAUT, WB & WBSCT & VE & SD
CAMPUS : CHANDRAKONA TOWN, PASCHIM MEDINIPUR, W.B. PIN - 721201

Scanned by CamScanner

পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল



পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে ২০১৯ সালের মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষা হবে খুব শিগগিরই। এই পরীক্ষায় জেনারেল স্টাডিজ ও অ্যারিথমেটিকের ২০০ নম্বরের ১টি পেপার থাকবে। মোট দেড় ঘণ্টার অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে। অ্যারিথমেটিক গ্রুপের মাধ্যমিক মানের ৫০ নম্বরের ২৫টি আর জেনারেল স্টাডিজ পেপারে জেনারেল নলেজের ১৫০ নম্বরের ৭৫টি প্রশ্ন হবে। নেগেটিভ মার্কিং আছে। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ শুচিস্মিতা দে।

1. তানসেন কার সভার গায়ক ছিলেন?
(a) আকবর (b) টিপু সুলতান (c) চন্দ্রগুপ্ত মৌর্য (d) অশোক

2. ব্রিটিশ ভারতের করদ রাজ্যগুলিকে ভারতরাষ্ট্রের অন্তর্ভুক্ত করার ব্যাপারে সবথেকে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন?
(a) সর্দার বল্লভভাই প্যাটেল ও গোবিন্দবল্লভ পন্থ (b) সর্দার বল্লভভাই প্যাটেল ও ভাপ্পালা পাঙ্গুন্নি মেনন (c) জওহরলাল নেহরু ও সর্দার বল্লভভাই প্যাটেল (d) মোহনদাস করমচাঁদ গান্ধী ও জওহরলাল নেহরু

3. একজন নাগরিক কীভাবে তার মৌলিক অধিকার রক্ষা করতে পারেন?
(a) থানায় অভিযোগ করে (b) সতত অধিকার রক্ষিত করে (c) রাষ্ট্রপতির কাছে আবেদন করে (d) সুপ্রিম কোর্টে রিট আবেদনের মাধ্যমে

4. আগ্নেয়পর্বত কী থেকে তৈরি হয়?
(a) জল (b) আগুন (c) তাপ (d) তাপ ও চাপ

5. 'সুয়েজ' খালের দৈর্ঘ্য কত কিলোমিটার?
(a) 193 (b) 158 (c) 155 (d) 180

6. 'চুখা জলবিদ্যুৎ প্রকল্প' কোন নদীর ওপর আছে?
(a) তিস্তা (ভারত) (b) জলঢাকা (ভারত) (c) ওয়াচুং (ভুটান) (d) কালিগঙ্গা (নেপাল)

7. নির্বাচন কমিশন কার অধীন?
(a) গৃহমন্ত্রী (b) আইনমন্ত্রী (c) প্রধানমন্ত্রী (d) স্বয়ংশাসিত

8. প্রথম ভারতীয় হিসাবে কে চাঁদে জমি কিনেছেন?
(a) রাজীব ভি.বাগরি (b) রাজীব শর্মা (c) মুকেশ আম্বানি (d) ওমপ্রকাশ মিত্তল

9. কোন ইউরোপীয় জাতি প্রথম ভারতে এসেছিল?
(a) ইংরেজ (b) দিনেমার (c) ফরাসি (d) পর্তুগিজ

10. মোহনদাস করমচাঁদ গান্ধীর রাজনৈতিক গুরু কে ছিলেন?
(a) বালগঙ্গাধর তিলক (b) মোতিলাল নেহরু (c) গোপালকৃষ্ণ গোখলে (d) বিনোবা ভাবে

11. পৃথিবীর প্রথম মহিলা প্রধানমন্ত্রী কে হয়েছিলেন?
(a) ইন্দিরা গান্ধী (b) গোল্ডা মেয়ার (c) মার্গারেট থ্যাচার (d) সিরিমাভো বন্দরনায়েক

12. কত সালে প্রথম অলিম্পিক অনুষ্ঠিত হয়েছিল?
(a) 677 খিস্টপূর্ব (b) 677 খ্রিস্টাব্দ (c) 776 খ্রিস্টাব্দ (d) 776 খ্রিস্টপূর্ব

13. 'শক' ক্যালেন্ডারে প্রথম মাস কোনটি?
(a) বৈশাখ (b) মাঘ (c) ভাদ্র (d) চৈত্র

14. 'NAFED' কিসের সঙ্গে যুক্ত?
(a) পশুপালন (b) জ্বালানি সংরক্ষণ (c) কৃষিজাত দ্রব্যের বাণিজ্যকরণ (d) কৃষিজাত দ্রব্যের সরঞ্জাম

15. কোন নদী দু'টি আরাবল্লী পর্বতমালা থেকে সৃষ্টি হয়েছে?
(a) নর্মদা ও তাপ্তি (b) বানাস ও তাপ্তি (c) বানাস ও লুনি (d) বেতয়া ও কয়না

16. 'সূর্যগ্রহণ' কখন ঘটে?
(a) যখন সূর্য, চাঁদ ও পৃথিবী একটি ত্রিভুজ আকৃতি তৈরি করে (b) যখন পৃথিবীর ছায়া চাঁদে পড়ে (c) যখন চাঁদের ছায়া পৃথিবীতে পড়ে (d) যখন পৃথিবী ও চাঁদের মাঝে সূর্য অবস্থান করে

17. সংবিধানের কোন ধারায় প্রাণদণ্ডের কথা উল্লিখিত আছে?
(a) 21 (b) 21 (c) 25 (d) 28

18. ভারতের প্রাচীনতম প্যারা মিলিটারি ফোর্স কোনটি?
(a) পঞ্জাব রেজিমেন্ট (b) জাঠ রেজিমেন্ট (c) অসম রাইফেলস (d) নর্দার্ন ইনফ্যান্ট্রি

19. 'Tigerman of India' কাকে বলে?
(a) প্রভু চাওলা (b) মাধব রাও সিন্ধিয়া (c) বাল্মীক থাপার (d) প্রহ্লাদ কক্কর

20. দুধ, মাখন ও ঘিতে পর্যাপ্ত পরিমাণে কোন ভিটামিন থাকে?
(a) E ও K (b) A ও D (c) A ও E (d) B ও C

21. 'অ্যাটম বোম' কে আবিষ্কার করেন?
(a) ওটো হ্যান (b) অ্যালবার্ট আইনস্টাইন (c) এডিসন (d) কেন রাদারফোর্ড

22. পারদের সংকেত কী?
(a) Me (b) Hu (c) Hg (d) Mu

23. 'সাবান' কী?
(a) ভারী ফ্যাটি অ্যাসিডের এস্টার (b) ফ্যাটি অ্যাসিডের সোডিয়াম ও পটাশিয়াম লবণ (c) সিলিকেটের লবণ (d) গ্লিসারল ও অ্যালকোহলের মিশ্রণ

24. নীচের কোনটি হাইড্রোজেন গ্যাসে দাহ্য?
(a) Cu (b) Mg (c) Zn (d) Fe

25. নীচের কোনটি নিউক্লিয়ার রিয়াক্টরের মডারেটর রূপে ব্যবহৃত হয়?
(a) রেডিয়াম (b) সাধারণ জল (c) থোরিয়াম (d) গ্রাফাইট

26. ফরাসি বিপ্লবের সঙ্গে যুক্ত বিখ্যাত 'লিবার্টি' নামে ছবিটি কে এঁকেছিলেন?
(a) মাইকেল অ্যাঞ্জেলো (b) ফার্দিনান্দ ভিক্টর এউগেনে দেলাক্রোইক্স (c) ভ্যান গগ (d) দেল পিয়ারো

27. 'কোয়াসিয়রকর' এমন একটি রোগ, যাতে বাড়ন্ত শিশুদের স্বাভাবিক বৃদ্ধি প্রতিরোধ হয় ও অলসতা বৃদ্ধি পায়। এই রোগ খাদ্যে কিসের অভাবে ঘটে?
(a) চর্বি (b) খনিজ পদার্থ (c) ভিটামিন (d) প্রোটিন

28. মাখন ও দুধে কোন অ্যাসিড থাকে?
(a) অ্যাসিটিক (b) টার্টারিক (c) অ্যাসকরবিক (d) ল্যাকটিক

29. 'স্পঞ্জ' কী?
(a) ছত্রাক (b) জীবাশ্ম (c) গাছ (d) প্রাণী

30. 'টাইফয়েড' জ্বর কী বাহিত রোগ?
(a) ভাইরাস (b) ব্যাকটিরিয়া (c) ফাঙ্গাস (d) অ্যালার্জি

31. ভারতের সংবিধান কবে থেকে কার্যকরী হয়েছে?
(a) 1950 সালের 15 আগস্ট (b) 1947 সালের 2 মে (c) 1948 সালের 26 জানুয়ারি (d) 1950 সালের 26 জানুয়ারি

32. হাইড্রোজেন সালফাইড কোথায় পাওয়া যায়?
(a) উষ্ণ প্রস্রবণের জলে (b) প্রস্রবণের জল ও আগ্নেয়গিরির গ্যাসের মধ্যে (c) জলে (d) কোনোটিই নয়

33. মানবদেহে ক'টি ক্রেনিয়াল স্নায়ু আছে?
(a) 16 জোড়া (b) 12 জোড়া (c) 10 জোড়া (d) কোনোটিই নয়

34. ভারতের কোন রাজ্যে এই প্রথম কারাগার তৈরি করা হয়েছে?
(a) মেঘালয় (b) মণিপুর (c) অরুণাচল প্রদেশ (d) গোয়া

35. 'বিধবা বিবাহ আইন' কোন বছর কার্যকরী হয়?
(a) 1860 (b) 1865 (c) 1858 (d) 1856

36. 'রৌরকেলা ইস্পাত কারখানা' কাদের বিনিয়োগের সাহায্যে স্থাপিত হয়?
(a) রাশিয়া (b) পশ্চিম জার্মানি (c) মার্কিন (d) ব্রিটিশ

37. 'The Songs of India' বইটি কার লেখা?
(a) ইন্দিরা গান্ধী (b) সরোজিনী নাইডু (c) রবীন্দ্রনাথ ঠাকুর (d) ড. সর্বপল্লী রাধাকৃষ্ণণ

38. নীচের কোন স্থানে পুরাতত্ত্ববিদরা 'মহাস্নানাগার' আবিষ্কার করেছিলেন?
(a) মহেঞ্জোদারো (b) হরপ্পা (c) রোপার (d) লোথাল

39. নীচের কোন রাজবংশের একটি শক্তিশালী নৌবাহিনী ছিল?
(a) গুপ্ত (b) চালুক্য (c) পল্লব (d) চোল

40. ধনরাজ পিল্লাই কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) ফুটবল (b) হকি (c) ক্রিকেট (d) দাবা

41. 'পম্পাস' কী?
(a) মানচিত্রে সংযুক্ত অঞ্চল (b) নির্দিষ্ট তৃণভূমি (c) নিরক্ষরেখায় সংযুক্ত বিন্দু (d) অস্ট্রেলিয়ার এক বিশেষ প্রজাতি

42. 'বিশপ' কথাটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) গলফ (b) তাস (c) দাবা (d) হকি

43. 'Whom the god loves dies young' — একথা কে বলেছিলেন?
(a) লর্ড বায়রণ (b) মিল্টন (c) কিটস (d) শেক্সপীয়র

44. 'কর্ডেলিয়া' নামে চরিত্রটি শেক্সপীয়রের কোন বইতে রয়েছে?
(a) মার্চেন্ট অফ ভেনিস (b) রোমিও জুলিয়েট (c) অ্যাজ ইউ লাইক ইট (d) কিং লিয়র

45. কলকাতার প্রথম সিনেমা হল 'এলফিন স্টোন'এর নাম এখন কী?
(a) প্রাচী (b) জেম (c) চ্যাপলিন (d) নবীনা

46. 'ব্রিটিশ হাউস অফ কমন্স'এ প্রথম ভারতীয় সদস্য কে ছিলেন?
(a) রাজা রামমোহন রায় (b) দাদাভাই নওরোজি (c) সত্যেন্দ্রনাথ ঠাকুর (d) মদনমোহন মালব্য

47. 'অ্যাবসলিউট জিরো' কথাটির অর্থ কী?
(a) −273.15° সেলসিয়াস তাপমাত্রা (b) হিমালয়ের একটি সদ্য আবিষ্কৃত শৃঙ্গ (c) বক্সার মহম্মদ আলির ডাকনাম (d) রকেটের জ্বালানির তাপমাত্রা

48. 'The Last Judgement' নামে বিখ্যাত ছবিটি কে এঁকেছিলেন?
(a) মাইকেল ম্যুরে (b) রাফায়েল (c) ভ্যান গগ (d) মাইকেল অ্যাঞ্জেলো

49. সুনীল গঙ্গোপাধ্যায়ের লেখা প্রথম কাব্যগ্রন্থ কোনটি?
(a) শুধু নীরার জন্য (b) একা এবং কয়েকজন (c) তিনদিনের কবিতা (d) সোনার মাছি

50. কোন দেশকে 'ইউরোপের ককপিট' বলে?
(a) বেলজিয়াম (b) সুইডেন (c) নেদারল্যান্ড (d) স্পেন

51. সমুদ্র সৈকতে নীচের কোন খনিজ পদার্থটি পাওয়া যায়?
(a) জিপসাম (b) ইলমেনাইট (c) সোনা (d) কায়ানাইট

52. 26 জানুয়ারি, কোন দেশে 'জাতীয় দিবস' পালন করা হয়?
(a) নিউজিল্যান্ড (b) অস্ট্রেলিয়া (c) দক্ষিণ কোরিয়া (d) চিন

53. 'Love one another as I have loved you' — কার সমাধিফলকে খোদিত আছে?
(a) শেক্সপীয়ার (b) মাদার টেরিজা (c) লিও টলস্টয় (d) টিপু সুলতান

54. 'সার্ক' সদস্যভুক্ত দেশের সংখ্যা ক'টি?
(a) 6 (b) 7 (c) 8 (d) 9

55. 'জিজিয়া' কর মোগল আমলে কাদের দিতে হত?
(a) হিন্দু (b) মুসলমান (c) অ-মুসলিম (d) সবাই

56. 'জব্বলপুর' শহরটি কোন নদীর তীরে আছে?
(a) নর্মদা (b) গোমতি (c) যমুনা (d) ব্রহ্মপুত্র

57. 'ক্যানন' শব্দটি কোন খেলার সঙ্গে যুক্ত?
(a) টেনিস (b) কুস্তি (c) ইয়েটিং (d) বিলিয়ার্ড

58. বিখ্যাত চলচ্চিত্র 'মেঘে ঢাকা তারা'র পরিচালকের নাম কী?
(a) মৃণাল সেন (b) সত্যজিৎ রায় (c) তপন সিংহ (d) ঋত্বিক ঘটক

59. 'বীরবল' কোন লেখকের ছদ্মনাম?
(a) প্রমথ চৌধুরি (b) শিবরাম চক্রবর্তী (c) কেদারনাথ বন্দ্যোপাধ্যায় (d) নলিনীকান্ত সরকার

60. কৌটিল্য কোন বিশ্ববিদ্যালয়ের কৃতী শিক্ষক ছিলেন?
(a) নেপাল (b) পাটলিপুত্র (c) কাশ্মীর (d) তক্ষশিলা

61. দ্বিতীয় পুলকেশী কোন বংশের সর্বশ্রেষ্ঠ রাজা ছিলেন?
(a) রাষ্ট্রকূট (b) চোল (c) চালুক্য (d) পল্লব

62. আর্জেন্টিনার মুদ্রার নাম কী?
(a) ক্রাউন (b) ডলার (c) পেশো (d) ফ্রাঁ

63. 'গজল' গানের জন্য কে ভারত জুড়ে নাম করেছেন?
(a) মেহদি হাসান (b) সুমন চট্টোপাধ্যায় (c) নৌশাদ (d) প্রতুল মুখোপাধ্যায়

64. নীচের কোন খাদ্যটিতে বেশি পরিমাণে প্রোটিন পাওয়া যায়?
(a) আপেল (b) মাখন (c) বিনস (d) মাছ

65. ভারতের সবথেকে বড় তথ্যপ্রযুক্তি পার্কটি কোন শহরে তৈরি হয়েছে?
(a) হায়দরাবাদ (b) জলন্ধর (c) কলকাতা (d) বেঙ্গালউরু

66. ভারতের স্বাধীনতার অধিকার সংবিধানের কত নম্বর অনুচ্ছেদে সুনিশ্চিত করা হয়েছে?
(a) 14 (b) 15 (c) 19 (d) 21

67. 'সাগরদীঘি তাপবিদ্যুৎ কেন্দ্র' ভারতের কোন রাজ্যে আছে?
(a) পশ্চিমবঙ্গ (b) বিহার (c) ওড়িশা (d) মহারাষ্ট্র

68. বার্মার নতুন নাম কী?
(a) মায়ানমার (b) ইয়াংগন (c) য়ুন (d) কোনোটাই নয়

69. নীচের কোনটি উইলিয়াম শেক্সপীয়রের রচিত বই নয়?
(a) জুলিয়াস সিজার (b) ওথেলো (c) টেমপেস্ট (d) অ্যালিস ইন ওয়ান্ডারল্যান্ড

70. পাক-ই-স্তানের মুদ্রাকে স্থানীয় ভাষায় কী বলে?
(a) দিরহাম (b) পেশো (c) রূপী (d) রিয়াল

71. 'আটাকামা' মরুভূমি কোন দেশে আছে?
(a) পেরু (b) ব্রাজিল (c) চিলি (d) কলম্বিয়া

72. পাল বংশের শেষ রাজা কে?
(a) শশী পাল (b) গোবিন্দ পাল (c) মহীপাল (d) কুমার পাল

73. 'বুধ' গ্রহের উদ্দেশ্যে 'নাসা' যে মহাকাশযান পাঠিয়েছে, তার নাম কী?
(a) গ্যালিথিম (b) ক্যাসিনি (c) ম্যাসেঞ্জার (d) পাথফাইন্ডার

74. রাজা রামমোহন রায় ফরাসি ভাষায় একটি পত্রিকা প্রকাশ করেছিলেন। এটির নাম কী?
(a) উল-কা সিকান্দার (b) মীরাৎ-উল-আখবার (c) সোবাধি (d) কোনোটাই নয়

75. জনসংখ্যার দিক থেকে পশ্চিমবঙ্গের ক্ষুদ্রতম জেলা কোনটি?
(a) উত্তর দিনাজপুর (b) কলকাতা (c) মালদহ (d) দক্ষিণ দিনাজপুর

76. 3 জন ছাত্রের গড় বয়স 12 বছর। তাদের বয়সের অনুপাত 3 : 4 : 5 হলে, বড় ছাত্রটির বয়স কত বছর?
(a) 14 (b) 15 (c) 16 (d) 18

☞ এরপর ১৩ পাতায়

THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL

Scanned by CamScanner

# মিসলেনিয়াস সার্ভিসেস প্রিলিমিনারি পরীক্ষার সম্ভাব্য ১ সেট প্রশ্নের চটপট উত্তর বের করার কৌশল

১২ পাতার পর

77. A, 10 মিটার/সেকেন্ড বেগে যাত্রা শুরু করে 800 মিটার এগিয়ে যাওয়ার পর B, 15 মিটার/সেকেন্ড বেগে একই অভিমুখে যাত্রা শুরু করে। কত সময় পর B, A কে অতিক্রম করবে?
(a) 2 মিনিট (b) 2 মিনিট 30 সেকেন্ড (c) 2 মিনিট 50 সেকেন্ড (d) 2 মিনিট 40 সেকেন্ড

78. একটি দ্রব্যের ক্রয়মূল্য 7,840 টাকা। 7% লাভে বিক্রি করতে হলে বিক্রয়মূল্য কত টাকা হবে?
(a) 8388.80 (b) 8,000 (c) 8383.80 (d) 8833.80

79. 2005 সালের 15 জানুয়ারি কী বার ছিল?
(a) বৃহস্পতি (b) শুক্র (c) শনি (d) রবি

80. 308 মিটার × 100 মিটার পরিমাপের একটি চাতাল পাকা করতে সর্ববৃহৎ কত বর্গমিটার মাপের বর্গাকার টালি ব্যবহার করা যাবে?
(a) 19 (b) 18 (c) 17 (d) 16

81. A, কোনো কাজের $\frac{4}{9}$ অংশ 16 দিনে শেষ করার পর B কে সঙ্গে নেয় ও বাকি কাজটি 10 দিনে শেষ হয়। B, একা কতদিনে কাজটি শেষ করতে পারবে?
(a) 18 (b) 20 (c) 32 (d) 36

82. মান নির্ণয় কর : 2 + 4 + 6 + ........ + 30
(a) 220 (b) 230 (c) 240 (d) 250

83. নীচের কোন প্রকৃত ভগ্নাংশ ও তার অন্যোন্যকের বিয়োগফল $\frac{7}{12}$ হবে?
(a) $\frac{4}{3}$ (b) $\frac{7}{6}$ (c) $\frac{3}{4}$ (d) কোনোটিই নয়

84. কোন সংখ্যার বর্গের সঙ্গে সংখ্যাটির ষষ্ঠাংশ যোগ করে 2 যোগ করলে 290 হয়?
(a) 11 (b) 12 (c) 13 (d) 14

85. 1 জন লোক বা, 2 জন মহিলা বা, 4 জন বালক একটি কাজ 14 দিনে করতে পারে। 1 জন লোক, 1 জন মহিলা ও 1 জন বালক একসঙ্গে কাজটি কতদিনে করবে?
(a) 6 (b) 8 (c) 9 (d) 12

86. স্থির জলে একটি নৌকার বেগ 5 কিলোমিটার/ঘণ্টা ও নদীর স্রোতের বেগ 3 কিলোমিটার/ঘণ্টা। স্রোতের প্রতিকূলে নৌকাটি 4 ঘণ্টা 30 মিনিটে কত কিলোমিটার পথ অতিক্রম করবে?
(a) 8 (b) 9 (c) 10 (d) 12

87. এক ব্যবসায়ী কোনো দ্রব্যের ক্রয় মূল্যের ওপর 25% বাড়িয়ে ধার্যমূল্য স্থির করেন ও বিক্রির সময় 10% ছাড় দেন। তার লাভের হার কত?
(a) 12.5% (b) 35% (c) 15% (d) 17.5%

88. যে ত্রিভুজের তিনটি বাহু যথাক্রমে 12 সেন্টিমিটার, 16 সেন্টিমিটার ও 20 সেন্টিমিটার, তার অন্তর্বৃত্তের ব্যাসার্ধ কত সেন্টিমিটার?
(a) 6 (b) 5 (c) 4 (d) 8

89. সূর্যের উন্নতি কোণ যখন 60°, তখন একটি গাছের ছায়ার দৈর্ঘ্য 12 মিটার। গাছটির উচ্চতা কত মিটার?
(a) 20.10 (b) 20.95 (c) 20.78 (d) 21

90. $x^3 + 3x^2 + 3x = 7$ হলে, $x^3 - 3x^2 + 3x = ?$
(a) 7 (b) −5 (c) 1 (d) 3

91. 23 এর ক্ষুদ্রতম গুণিতকগুলি নির্ণয় করুন, যাকে 18, 21 ও 24 দিয়ে ভাগ করলে ক্রমান্বয়ে 7, 10, 13 ভাগশেষ থাকবে?
(a) 3013 (b) 3024 (c) 3002 (d) 3036

92. $\sqrt{15} = 3.873$ হলে, $\sqrt{\frac{5}{3}} = ?$
(a) 1.282 (b) 1.291 (c) 1.292 (d) 1.281

93. $\sqrt[3]{2} \times \sqrt{2} \times \sqrt[3]{3} \times \sqrt{3} = ?$
(a) $6^5$ (b) $6^{\frac{5}{6}}$ (c) 6 (d) কোনোটিই নয়

94. তিন অঙ্কবিশিষ্ট একটি সংখ্যার মাঝের অঙ্কটি 0 ও প্রান্তীয় ও অঙ্কদুটির সমষ্টি 7. মাঝের অঙ্কটি ঠিক রেখে প্রান্তীয় অঙ্কদুটির স্থান পরিবর্তন করলে যে সংখ্যা পাওয়া যায়, তা মূল সংখ্যাটি থেকে 99 বেশি। মূল সংখ্যাটি কত?
(a) 205 (b) 601 (c) 304 (d) কোনোটিই নয়

95. 2 : 3, 4 : 5, 6 : 7 এর মিশ্র অনুপাত কত?
(a) 35 : 34 (b) 34 : 35 (c) 35 : 16 (d) 16 : 35

96. 9টি মেশিন রোজ 10 ঘণ্টা কাজ করে 24 দিনে কাজটি শেষ করে। 12টি মেশিন রোজ 12 ঘণ্টা কাজ করলে কতদিনে কাজটি শেষ হবে?
(a) 12 (b) 15 (c) 16 (d) 18

97. A ও B দু'টি স্থানের মধ্যে দূরত্ব 220 কিলোমিটার। একটি ট্রেন A থেকে B এর দিকে 40 কিলোমিটার/ঘণ্টা বেগে রওনা দেওয়ার 2 ঘণ্টা পর অন্য একটি ট্রেন B থেকে A এর দিকে 60 কিলোমিটার/ঘণ্টা বেগে রওনা দিল। A থেকে কত কিলোমিটার দূরে তারা মিলিত হবে?
(a) 136 (b) 130 (c) 135 (d) 160

98. এক ব্যবসায়ী 800 টাকায় কিছু চিনি কিনলেন। তার $\frac{3}{4}$ অংশ 20% ক্ষতিতে বিক্রি করল। বাকি অংশ শতকরা কত লাভে বিক্রি করলে, তার মোটের ওপর 5% ক্ষতি হবে?
(a) 20% (b) 45% (c) 40% (d) 50%

99. 6 মাস অন্তর সুদ দেওয়া হলে, কিছু টাকার 12% হারে 1 বছরের চক্রবৃদ্ধি সুদ ও একই সুদের হারে একই টাকার 1 বছরের সরল সুদের পার্থক্য 36 টাকা। আসল কত টাকা?
(a) 10,000 (b) 12,000 (c) 15,000 (d) 9,000

100. এক ব্যক্তি 500 টাকায় কিছু লেবু কিনে $\frac{5}{7}$ অংশ 20% লাভে ও $\frac{2}{7}$ অংশ 10% ক্ষতিতে বিক্রি করেন। মোটের ওপর তার শতকরা কত লাভ বা, ক্ষতি হয়?
(a) $\frac{80}{7}$% ক্ষতি (b) 25% লাভ (c) $\frac{100}{7}$% ক্ষতি (d) $\frac{80}{7}$% লাভ

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(a). 2(b). 3(d). 4(d). 5(a). 6(c). 7(d). 8(a). 9(d).10(c). 11(d). 12(b). 13(d). 14(c). 15(c). 16(c). 17(b). 18(c). 19(c). 20(b). 21(a). 22(c). 23(b). 24(b). 25(d). 26(b). 27(d). 28(d). 29(d). 30(b). 31(d). 32(b). 33(b). 34(c). 35(d). 36(b). 37(b). 38(a). 39(d). 40(b). 41(b). 42(c). 43(a). 44(d). 45(c). 46(b). 47(a). 48(d). 49(b). 50(a). 51(b). 52(b). 53(b). 54(b). 55(a). 56(a). 57(d). 58(d). 59(a). 60(b). 61(c). 62(c). 63(a). 64(c). 65(c). 66(c). 67(a). 68(a). 69(d). 70(c). 71(c). 72(b). 73(c). 74(b). 75(d). 76(b). মনে করি, তাদের বয়স 3x, 4x ও 5x. তাহলে গড় বয়স = $\frac{3x+4x+5x}{3}$ = 4x = 12. তাহলে x = 3. তাহলে বড় ছাত্রের বয়স = 5x = 5 × 3 = 15 বছর। 77(d). মনে করি, x সেকেন্ড পরে অতিক্রম করবে। A, 800 মিটার যায় $\frac{800}{10}$ = 80 সেকেন্ডে। তাহলে A এর অতিক্রান্ত দূরত্ব = 800 + 10x. B এর অতিক্রান্ত দূরত্ব = 15x মিটার। তাহলে শর্তানুসারে, 15x = 800 + 10x. তাহলে x = 160 সেকেন্ড = 2 মিনিট 40 সেকেন্ড। 78(a). বিক্রয়মূল্য = $\frac{7840 \times 107}{100}$ = 8388.80 79(c). 80(d). 308 ও 100 এর গ.সা.গু = 4. তাহলে নির্ণেয় টালির পরিমাপ = $\frac{308 \times 100}{(308+4) \times (100+4)}$ = 16 বর্গমিটার। 81(d). A সম্পূর্ণ কাজ করে = $\frac{16 \times 9}{4}$ = 36 দিনে। A ও B সম্পূর্ণ কাজ করে = $\frac{10 \times 9}{5}$ = 18 দিনে। তাহলে B একা কাজটি করে = $\frac{36 \times 18}{36-18}$ = 36 দিনে। 82(c). 83(c). 84(b). মনে করি, সংখ্যাটি x. তাহলে শর্তানুসারে, $x^2 + \frac{x}{6} + 2 = 290$. সমাধান করে পাই, x = 12. 85(b). 1 লোক = 2 মহিলা = 4 বালক। তাহলে 1 মহিলা = $\frac{1}{2}$ লোক। তাহলে 1 বালক = $\frac{1}{4}$ লোক। তাহলে 1 লোক + 1 মহিলা + 1 বালক = $\left(1+\frac{1}{2}+\frac{1}{4}\right)$ লোক = $\frac{7}{4}$ লোক। $\frac{7}{4}$ লোক কাজটি করবে = $\frac{14 \times 4}{7}$ = 8 দিনে। 86(b). প্রতিকূল বেগ = (5 − 3) = 2 কিলোমিটার/ঘণ্টা। তাহলে $4\frac{1}{2}$ ঘণ্টায় যায় = 2 × $4\frac{1}{2}$ = 9 কিলোমিটার। 87(a). মনে করি, ক্রয়মূল্য = 100 টাকা। তাহলে ধার্যমূল্য = 125 টাকা। তাহলে বিক্রয়মূল্য = 125 − 10% = 112.5 টাকা। তাহলে লাভ = (112.5 − 100) = 12.5%. 88(c). ক্ষেত্রফল = $\frac{1}{2}$ × 12 × 16 = 96 বর্গ সেন্টিমিটার। মনে করি, অন্তর্বৃত্তের ব্যাসার্ধ = r




তাহলে $\frac{1}{2} \times 12 \times r + \frac{1}{2} \times 16 \times r + \frac{1}{2} \times 20 \times r = 96$. তাহলে r = 4 সেন্টিমিটার। 89(c). মনে করি, গাছের উচ্চতা = x মিটার।




তাহলে tan 60° = $\frac{x}{12}$. তাহলে $\sqrt{3} = \frac{x}{12}$. তাহলে x = 20.78 মিটার। 90(c). 91(a). 92(b). 93(b). 94(c). উত্তরের বিকল্পগুলি দেখে প্রদত্ত শর্তটি যাচাই করুন। নিমেষেই উত্তর পেয়ে যাবেন। 95(d). 2 × 4 × 6 : 3 × 5 × 7 = 16 : 35. 96(b). শর্টকাট ফর্মুলা : নির্ণেয় দিনসংখ্যা = $\frac{9 \times 10 \times 24}{12 \times 12}$ = 15 দিন। 97(a). 2 ঘণ্টায় প্রথম ট্রেন যায় = 40 × 2 = 80 কিলোমিটার। তাহলে (60 + 40) = 100 কিলোমিটার/ঘণ্টা বেগে (220 − 80) = 140 কিলোমিটার যেতে সময় লাগে = $\frac{140}{100}$ = 1.4 ঘণ্টা। তাহলে দূরত্ব = 1.4 × 40 = 56 কিলোমিটার। তাহলে A থেকে (80 + 56) = 136 কিলোমিটার দূরে মিলিত হবে। 98(c). 99(a). 100(d).

# কলকাতা পুরনিগমে ডেপুটি ম্যানেজার পদে কীভাবে চাকরি পেলাম

সাফল্যের প্রস্তুতি



সুদীপ্ত মণ্ডল

উত্তর ২৪ পরগনা জেলার বসিরহাটের ছেলে আমি। বাবা সেনাবাহিনীর প্রাক্তন কর্মী। স্থানীয় স্কুল থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করেছি। এরপর কলকাতার সেন্ট টমাস ইঞ্জিনিয়ারিং ও টেকনোলজি থেকে ২০১৩ সালে ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ে বি.টেক পাশ করি। অফ ক্যাম্পাস ইন্টারভিউয়ের মাধ্যমে রুরাল ইলেক্ট্রিফিকেশন কর্পোরেশন পাওয়ার বিভাগে চাকরি পাই। এখানে প্রোজেক্ট ইঞ্জিনিয়ার হিসাবে ১ বছর চাকরি করি। তারপর ভোল্টাস লিমিটেডে কয়েক বছর কাজ করি। বাড়ির সমস্যার জন্য রাজ্যের বাইরে চাকরি করতে চাই নি। তাছাড়া এ রাজ্যে কারিগরি ক্ষেত্রে চাকরির সুযোগ খুব সীমিত দেখে ২০১৬ সাল থেকে রাজ্য সরকারের নন-টেকনিক্যাল চাকরির পরীক্ষার জন্য প্রস্তুতি নেওয়া শুরু করি। পশ্চিমবঙ্গ সরকারের খাদ্য ও সরবরাহ, পাব্লিক সার্ভিস কমিশনের ক্লার্কশিপ, আই.বি.পি.এস ক্লার্ক ও প্রবেশনারি অফিসার, কম্বাইন্ড গ্র্যাজুয়েট লেভেল-সহ বিভিন্ন ধরণের চাকরির পরীক্ষায় বসেছিলাম। চাকরির প্রস্তুতির ক্ষেত্রে আমাকে বিশেষভাবে সাহায্য করেছিলেন তমাল ভট্টাচার্য নামে একজন ডব্লু.বি.সি.এস আধিকারিক। তাঁর কাছ থেকে চাকরির পরীক্ষার চটপট উত্তর লেখার কৌশল রপ্ত করেছিলাম। ২০১৭ সালে এই পত্রিকার খবর পড়ে কলকাতা পুরনিগমে ডেপুটি ম্যানেজার পদের জন্য দরখাস্ত করি। শিক্ষাগত যোগ্যতা ছিল গড়ে ৫০% নম্বর পেয়ে যেকোনো শাখায় ডিগ্রি কোর্স পাশ। শূন্যপদ ছিল ২৬টি।

বিজ্ঞানের ছাত্র ছিলাম বলে অঙ্ক ও বিজ্ঞান বিষয় নিয়ে কোনো সমস্যা হয়নি। মূলত আর.এস আগরওয়ালের বই দেখে বিভিন্ন বিষয়ের অনুশীলন করি। পাশাপাশি কিছু অ্যাপস দেখে চর্চা করি। সাম্প্রতিক ঘটনার জন্য নিয়মিত সংবাদপত্র পড়তাম। মডেল প্রশ্নোত্তর ও জেনারেল স্টাডিজ বিষয়ের জন্য ‘কর্মসংস্থান’ ও ‘Appointment & Career News’ পত্রিকা পড়তাম।

প্রার্থী বাছাইয়ের লিখিত পরীক্ষায় ছিল ২০০ নম্বর। ১০০টি ২ নম্বরের প্রশ্ন ছিল। লিখিত পরীক্ষায় সফল হওয়ার পর শূন্যপদের দেড়গুণ প্রার্থীকে ইন্টারভিউয়ের জন্য ডাকা হয়। প্রস্তুতি পর্বে কোচিংয়ের মহড়া ইন্টারভিউয়ে অংশ নিয়েছিলাম। ইন্টারভিউ হয়েছিল মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন মোট ৪ জন সদস্য। শুরুতে নাম, ঠিকানা, পরিচয় ইত্যাদি জানতে চাওয়া হয়। এরপর মূলত কলকাতা পুরনিগম সংক্রান্ত নানা প্রশ্ন করা হয়। যেমন — পুরনিগমের বিভাগ, কাজ, পদাধিকারীর নাম ইত্যাদি।

চূড়ান্ত সফল হয়ে ২০১৮ সালের ১৭ মে চাকরিতে যোগ দিয়েছি। এই মুহূর্তে কাজ করছি কলকাতা পুরনিগমের সদর কার্যালয়ের সলিড ওয়েস্ট ম্যানেজমেন্ট বিভাগে। ডেপুটি ম্যানেজার পদের মূল মাইনে ১৪,৫০০ - ৪২,০০০ টাকা। সেইসঙ্গে গ্রেড পে ৫,৪০০ টাকা। আমার মতে, সাফল্যের জন্য নির্দিষ্ট লক্ষ্য নিয়ে এগোতে হবে। লাগাতার প্রস্তুতির পাশাপাশি দরকার বিশেষজ্ঞের পরামর্শ। সেই বিশেষজ্ঞই জানাতে পারেন কোন পরীক্ষার জন্য কী পড়তে হবে। সব পড়া সম্ভব নয়। মনে রাখবেন, দিন দিন প্রশ্নের ধরণ পাল্টাচ্ছে। নিজেকে সবসময় আপডেট থাকতে হবে।

THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL

Scanned by CamScanner

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

**চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।**

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের যে লিখিত পরীক্ষা ৪ আগস্ট হল, তার ফল কবে বেরোবে? মেন পরীক্ষায় কী কী বিষয় থাকবে? — গোপাল সরকার, কলেজ পাড়া, রায়গঞ্জ, উত্তর দিনাজপুর। মহঃ হাজিজ, মুর্শিদাবাদ। লিটন দে, সিংরাইল, বাঘনাপাড়া, কালনা, পূর্ব বর্ধমান।*

■■ ফল বেরোতে দেরি আছে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে শারীরিক মাপজোখ (ফিজিক্যাল মেজারমেন্ট টেস্ট) ও শারীরিক সক্ষমতার পরীক্ষার (ফিজিক্যাল এফিসিয়েন্সি টেস্ট) জন্য ডাকা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় উচ্চতা, ওজন, বয়স ইত্যাদি দেখা হবে। শারীরিক মাপজোখের পরীক্ষায় সফল হলে (কোয়ালিফাই) 'শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় ৬ মিনিট ৩০ সেকেন্ডে ১,৬০০ মিটার দৌড়তে হবে। দৌড়ে একবারই সুযোগ পাবেন। দৌড়ের সময় রেডিও ফ্রিকোয়েন্সি আইডেন্টিফিকেশন ডিভাইসের সাহায্য নেওয়া হবে। এই পরীক্ষায় কোয়ালিফাই করলে তবে মেন পরীক্ষার জন্য ডাকা হবে।

৮৫ নম্বরের লিখিত মেন পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (ক) জেনারেল অ্যাওয়ারনেস ও জেনারেল নলেজ -২৫ নম্বর, (খ) ইংরিজি - ২৫ নম্বর, (গ) এলিমেন্টারি ম্যাথমেটিক্স (মাধ্যমিক মানের) - ২০ নম্বর, (ঘ) রিজনিং ও লজিক্যাল অ্যানালাইসিস - ১৫ নম্বর। মেন পরীক্ষাতেও নেগেটিভ মার্কিং আছে। ৪টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলা ও নেপালী ভাষায়। লিখিত মেন পরীক্ষায় কোয়ালিফাই করলে ১৫ নম্বরের ইন্টারভিউ হবে।

## সি-টেট'এর

■ *অঙ্কে স্নাতকোত্তর কোর্স পাশ করেছি। বি.এড. এ তৃতীয় সেমেস্টারে পড়ছি। সি-টেট'এর জন্য দরখাস্ত করতে পারব কি? — রোহিত নন্দী, এগরা, পূর্ব মেদিনীপুর।*

■■ না, পারবেন না।

■ *ডি.এল.এড.-এর দ্বিতীয় বর্ষের ছাত্রী। সি-টেট দিতে পারব কি? — তনয়া বান্দি, নাকরাকোন্ডা, বীরভূম।*

■■ না, পারবেন না।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| মাজাগন ডকে দক্ষ ও অদক্ষ কর্মী | ন্যাশনাল অ্যাপ্রেন্টিস | ১৯৮০ | ৫-৯-১৯ | www.mazagondock.in |
| রাজ্য পুলিশে সাব-ইন্সপেক্টর | ডিগ্রি কোর্স পাশদের | ৬৬৮ | ৯-৯-১৯ | www.wbpolice.gov.in |
| কলকাতা হাই কোর্টে স্টেনো/পার্সোনেল অ্যাসিঃ | উচ্চমাধ্যমিক পাশদের | ২৫ | ১১-৯-১৯ | www.calcuttahighcourt.nic.in |
| স্টাফ সিলেকশনের মাধ্যমে জুনিয়র ইঞ্জিনিয়ার | ডিগ্রি বা, ডিপ্লোমা | - | ১২-৯-১৯ | www.ssc.nic.in |
| ইসরোতে টেকনিশিয়ান, অ্যাসিস্ট্যান্ট, ড্রাফটসম্যান | আই.টি.আই. বা, ডিপ্লোমা | ৮৬ | ১৩-৯-১৯ | www.isro.gov.in |
| রাজ্য শ্রম দফতরে ক্লার্ক | মাধ্যমিক, পাশদের | ১৪০ | ১৪-৯-১৯ | www.wblc.gov.in |
| পুরনিগমে অ্যাসিস্ট্যান্ট | ডিগ্রি বা, ডিপ্লোমা | ৫ | ১৬-৯-১৯ | www.mscwb.org |
| সি-টেট পরীক্ষার মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা | উচ্চমাধ্যমিক ডিগ্রি | - | ১৮-৯-১৯ | www.ctet.nic.in |
| স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরে ড্রাইভার | ক্লাস এইট পাশদের | ১৫০ | ২৪-৯-১৯ | www.wbhealth.gov.in |
| ভারতীয় নৌবাহিনীতে কুক, সাফাইওয়ালা | মাধ্যমিক | ১৩ | ১২-৯-১৯ | www.indiannavy.nic.in |
| বিহার পুলিশে সার্জেন্ট ও সাব-ইন্সপেক্টর | গ্র্যাজুয়েট | ৬২২ | ২৫-৯-১৯ | www.bpssc.bih.nic.in |
| ডি.আর.ডি.ও.-তে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৮০ | ৭-৯-১৯ | www.rac.gov.in |
| ন্যাভাল ডকইয়ার্ডে অ্যাপ্রেন্টিস স্কুলে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ৩১৮ | - | www.bhartiseva.com |
| জেনারেল ইনসিওরেন্স কর্পোরেশনে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার | গ্র্যাজুয়েট ও পোস্ট-গ্র্যাজুয়েট | ৭০ | ১১-৯-১৯ | http://gicofindia.in |
| হিন্দুস্তান কপার লিমিটেডে ক্ষেত্রী কপারে অ্যাপ্রেন্টিস | মাধ্যমিক ও আই.টি.আই. | ১২৯ | ১৯-৯-১৯ | www.hindustancopper.com |
| কলকাতা পুরনিগমে সিটি এন.ইউ.এইচ.এম.-এ নার্স | জি.এন.এম. পাশ | ১৬৫ | ৯-৯-১৯ | www.kmcgov.in |

## স্কুল সার্ভিসের

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে স্পেশাল বি.এড. করেছি। স্কুল সার্ভিসের পরীক্ষা দিতে পারব কি? — সুমনা সরকার, কতোয়ালী, জলপাইগুড়ি।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *স্কুল সার্ভিসের নতুন বিজ্ঞপ্তি কবে বেরোবে? স্কুল সার্ভিসের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা থাকা দরকার? বি.এড. করা থাকলে প্রাইমারিতে পরীক্ষা দিতে পারব কি? — পতিত ঘোষ, ব্রজপুর, নদিয়া।*

■■ নতুন বিজ্ঞপ্তি এবছর বেরোনোর কথা আছে। তবে এখনো স্কুল সার্ভিস কমিশন সূত্রে সঠিক তথ্য পাওয়া যায়নি। স্কুল সার্ভিস কমিশনের মাধ্যমে আপার প্রাইমারি, নবম থেকে দ্বাদশ শ্রেণি পর্যন্ত স্কুলের বেলায় শিক্ষক-শিক্ষিকা নেওয়া হয়। কোন শিক্ষাগত যোগ্যতার কথা জানতে চাইছেন, তা চিঠিতে লেখেননি। যাইহোক, ডিগ্রি কোর্সে ৫০% নম্বর ও বি.এড. থাকলে আপার প্রাইমারির 'টেট' দিতে পারবেন। নবম ও দশম শ্রেণির বেলায় যেকোনো শাখার গ্র্যাজুয়েট /অনার্স গ্র্যাজুয়েট / পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর বি.এড. কোর্স পাশ হলে নবম ও দশম শ্রেণির সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। পাস বা, অনার্স ডিগ্রি কোর্সে যাঁদের ৫০% নম্বর নেই, কিন্তু পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর আছে, তাঁরাও আবেদনের যোগ্য।

মোট অন্তত ৫০% নম্বর পেয়ে যেকোনো শাখার পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স পাশ আর বি.এড. কোর্স পাশ হলে একাদশ ও দ্বাদশ শ্রেণির সংশ্লিষ্ট বিষয়ের জন্য আবেদন করতে পারেন। বি.এড. থাকলে প্রাইমারির জন্য যোগ্য নন।

■ *আপার প্রাইমারির টেট দিতে হলে শুধুমাত্র অনার্সে ৫০% নম্বর পেতে হবে? নাকি পাস ও অনার্স মিলিয়ে ৫০% নম্বর পেতে হবে? — দীনবন্ধু বিশ্বাস, চাকদহ, নদিয়া।*

■■ অনার্স গ্রাজুয়েটদের বেলায় পাস ও অনার্স মিলিয়ে মোট অন্তত ৫০% নম্বর থাকতে হবে। শুধুমাত্র অনার্সে ৫০% নম্বর পেয়ে থাকলে যোগ্য নন।

## সেনাবাহিনীর

■ *রবীন্দ্র মুক্ত বিদ্যালয় থেকে মাধ্যমিক পাশ করেছি। এই সার্টিফিকেট দেখিয়ে সেনাবাহিনীতে দরখাস্ত করতে পারব কি? — সুহৃদ দাস, কাকদ্বীপ, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পারবেন।

■ *উচ্চমাধ্যমিকে ৫৯% নম্বর আছে। ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজিতে ৫০% নম্বর আছে কিন্তু অঙ্কে ৪০% নেই। সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট পদে যোগ্য কি? — কিংশুক চ্যাটার্জী, বাবলা, পূর্ব বর্ধমান।*

■■ না, পারবেন না। সোলজার নার্সিং অ্যাসিস্ট্যান্ট পদের বেলায় ফিজিক্স, কেমিস্ট্রি, বায়োলজি ও ইংরিজি অন্যতম বিষয় হিসাবে নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৫০% নম্বর পেয়ে থাকলে আর প্রতিটি বিষয়ে অন্তত ৪০% নম্বর পেয়ে থাকলে এই পদের জন্য যোগ্য।

■ *আর্টস শাখায় উচ্চমাধ্যমিক পাশ করেছি ৬০% নম্বর নিয়ে। প্রতিটি বিষয়ে ৫০% নম্বর আছে। মাধ্যমিকে অঙ্ক ও ইংরিজিতে ৫০% নম্বর আছে। সেনাবাহিনীর ক্লার্ক পদে যোগ্য কি? নদিয়া জেলায় সেনাবাহিনীর র‍্যালি কবে হবে? — অভিজিৎ ঘোষ, রামনগর, কুমারী রামনগর, হাঁসখালি, নদিয়া।*

■■ না, যোগ্য নন। ক্লার্ক পদের বেলায় যোগ্যতা দরকার — আর্টস, সায়েন্স ও কমার্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা মোট অন্তত ৬০% নম্বর ও উচ্চমাধ্যমিকের প্রতিটি বিষয়ে অন্তত ৫০% নম্বর থাকলে এই পদের জন্য যোগ্য। তবে উচ্চমাধ্যমিকে ইংরিজি ও অঙ্ক / অ্যাকাউন্ট্যান্সি / বুক কীপিং বিষয়ে অন্তত ৫০% নম্বর পেয়ে থাকতে হবে। নদিয়া জেলায় র‍্যালি হওয়ার তারিখ ঠিক হয়নি। তবে শিগগিরই র‍্যালির তারিখ ঘোষণা করা হবে।

### পশ্চিমবঙ্গ পুলিশের ওয়ার্ডার বা, ফিমেল ওয়ার্ডার পদের পরীক্ষা ১৫ সেপ্টেম্বর

পশ্চিমবঙ্গ পুলিশের ওয়ার্ডার / ফিমেল ওয়ার্ডার পদের লিখিত পরীক্ষা হবে ১৫ সেপ্টেম্বর, বেলা ১২টা থেকে ১টা পর্যন্ত। ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in

### পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর পদের চূড়ান্ত ফল বেরোল

পশ্চিমবঙ্গ পুলিশের সাব-ইন্সপেক্টর ও লেডি সাব-ইন্সপেক্টর পদের যে ইন্টারভিউ হয়েছিল, তার চূড়ান্ত ফল বেরিয়েছে। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.wbpolice.gov.in

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের পরীক্ষা কবে হবে? এন.টি.পি.সি.-তে কত নম্বর পেলে সফল হওয়া যাবে? — পতিত ঘোষ, ব্রজপুর, বেথুয়াডহরী, নদিয়া।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি। বিজ্ঞপ্তিতে উল্লেখ ছিল, পরীক্ষা শুরু হবে আগস্ট-সেপ্টেম্বর থেকে। কিন্তু এখনো তারিখ ঠিক হয়নি। এন.টি.পি.সি.'র প্রথম পর্বের পরীক্ষায় কত কোয়ালিফাইং নম্বর হবে তা নির্ভর করবে পরীক্ষার্থীর ওপর ও শূন্যপদের ওপর।

■ *রেলের এন.টি.পি.সি. ক্যাটেগরির পরীক্ষা কবে হবে? — সৌমিক সিকদার, সারদাপল্লী, সোদপুর, ঘোলা, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো অনলাইন পি.এম.টি. পরীক্ষার তারিখ ঠিক হয়নি। সম্ভবত পুজোর পর পরীক্ষা সংক্রান্ত তথ্য জানাবে রেল রিক্রুটমেন্ট বোর্ড।

## অন্যান্য চাকরির

■ *রাজ্য সরকারে ৬০ হাজার শূন্যপদের জন্য লোক নেওয়া হবে বলেছিল। কিন্তু ৬ হাজার শূন্যপদের জন্য লোক নেওয়া হয়েছে। বাকি ৫৪ হাজার শূন্যপদের জন্য কবে বিজ্ঞপ্তি বেরোবে? — অনিমেষ ব্যানার্জী, করিমপুর, নদিয়া।*

■■ আপাতত কোনো খবর নেই।

■ *পশ্চিমবঙ্গ স্বাস্থ্য দফতরে ৮১৯ জন ফ্যাসিলিটি ম্যানেজার নেওয়ার বিজ্ঞপ্তি বেরিয়েছে, তার পরীক্ষা কবে হবে? — অয়ন দাস, হুগলি। গণেশ চ্যাটার্জী, পূর্ব মেদিনীপুর। অর্পিতা চক্রবর্তী, বারুইপুর, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ এখনো পরীক্ষার তারিখ ঠিক হয়নি।

## নেট/সেট'এর

■ *রবীন্দ্রভারতী বিশ্ববিদ্যালয় থেকে ডিস্ট্যান্সে এম.এ. করেছি ইতিহাস বিষয়ে। মোট ৫৮% নম্বর আছে। নেট / জে.আর.এফ দিতে পারব কি? — সুপ্রিয়া বিশ্বাস, ১৬৪/এ, স্বামী বিবেকানন্দ রোড, বারাসাত, কলকাতা - ১২৪।*

■■ নেট দিতে পারবেন। জুনিয়র রিসার্চ ফেলোও পাবেন।

■ *নেতাজী সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সে ৫০% নম্বর পেয়ে পাশ হলে নেট বা, সেট দিতে পারব কি? — তারবীর আরেফিন, দক্ষিণ ২৪ পরগনা। মহঃ আজীজ, মুর্শিদাবাদ। সুতপা দাস, মধ্যমগ্রাম, চন্ডীপুর, উত্তর ২৪ পরগনা।*

■■ হ্যাঁ, পরীক্ষা দিতে পারবেন।

এই বিভাগে উত্তর পেতে হলে চিঠি লিখুন পোস্ট কার্ডে কিংবা ই-মেল করে। তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে লিখলে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, স্কুল সার্ভিস, ব্যাঙ্ক, পি.এস.সি. কোর্স কিনা) তা লিখে দেবেন। E-mail করবেন এই নম্বরে: karmajiggasa@gmail.com ই-মেল করলে নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করতে হবে।

কর্মসংস্থান
জিজ্ঞাসা বিভাগ
..............................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL

Scanned by CamScanner

# সব দেশবাসীকে

## স্বাধীনতা দিবসের হার্দিক শুভকামনা

দেশের স্বাধীনতার জন্য নিজেদের সর্বস্ব বলিদান করা
সব স্বাধীনতা সংগ্রামীদের দেশবাসীদের তরফ থেকে অভিবাদন

জয় হিন্দ

স্বাধীনতা দিবস
১৫ আগস্ট, ২০১৯



তথ্য সম্প্রচার মন্ত্রক
ভারত সরকার

davp 22201/13/0001/1920

THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL




Scanned by CamScanner

Skill India
কৌশল ভারত - কুশল ভারত

# Pradhan Mantri Kaushal Kendra
## (প্রধানমন্ত্রী কৌশল কেন্দ্র)

N·S·D·C
National Skill Development Corporation
Transforming the skill landscape

কৌশল বিকাশ আর উদ্যমশীলতা মন্ত্রালয়, ভারত সরকার -এর এক অনবদ্য উদ্যোগ




THE EDUCATION HOUSE YOUTUBE CHANNEL

## প্রধানমন্ত্রী কৌশল বিকাশ যোজনা (PMKVY)

- সকল শিক্ষার্থীকে বিনামূল্যে প্রশিক্ষণ।
- সকল শিক্ষার্থীকে বই, অন্যান্য প্রশিক্ষণ সামগ্রী এবং ইউনিফর্ম বিনামূল্যে প্রদান করা হবে।
- ১০০% প্র্যাকটিক্যাল ওরিয়েন্টেড প্রশিক্ষণ।
- বিশ্বমানের প্রশিক্ষণ ব্যবস্থা।
- প্রত্যেক কোর্সের সাথে ইংলিশ এবং কম্পিউটার প্রশিক্ষণ ফ্রী।
- প্রশিক্ষণ শেষে সফল শিক্ষার্থীকে "স্কিল ইন্ডিয়া সার্টিফিকেশন"।
- মুদ্রা ঋণ এবং প্রধানমন্ত্রীর বীমা যোজনা গ্রহণের সুবিধার সহায়তা করা হয়।

## PMKVY প্রক্রিয়া

- নামাঙ্কন (PMKVY-এ যুক্ত প্রশিক্ষণ কেন্দ্রে)
- প্রশিক্ষণ (NSQF-এর অনুসারে)
- নির্ধারণ (মান্যতা প্রাপ্ত নির্ধারিত এজেন্সি দ্বারা)
- কৌশল প্রমাণ পত্র (মান্যতা প্রাপ্ত উদ্যোগ আর সরকার দ্বারা)
- চাকরি পাওয়ার সহায়তা (প্রশিক্ষণ সহ-অংশীদার দ্বারা)

| Sectors | Job Roles |
|---|---|
| Apparel | • Sewing Machine Operator • Sewing Machine Operator (Knits) |
| Automotive | • Automotive Service Technician (2 & 3 Wheelers) |
| Beauty & Wellness | • Assistant Beauty Therapist |
| Construction | • Assistant Electrician |
| Electronics & Hardware | • Field Technician - Computing and Peripherals • Field Technician – Other Home Appliances • Mobile Phone Hardware Repair Technician • LED Light Repair Technician • CCTV Installation Technician |
| Health Care | • General Duty Assistant • Pharmacy Assistant |
| Life Sciences | • Medical Sales Representative |
| Power | • Assistant Technician - Street Lighting Solutions (Installation & Maintenance) |
| Telecom | • Customer Care Executive (Call Centre) • Customer Care Executive (Relationship Centre) • Handset Repair Engineer |
| Tourism and Hospitality | • F&B Service: Steward • Room Attendant • Travel Consultant |
| Retail | • Retail Sales Associates • Retail Trainee Associate • Distributor Salesman |

প্রশিক্ষণ আর পরীক্ষার জন্য ফীস-এর সম্পূর্ণ পরিশোধ সরকার দ্বারা করা হবে।

Last Date for Registration
**18th September, 2019**
(Limited Seats only)

100%* PLACEMENT Assistance

Orion Edutech®
ISO 9001:2015 CERTIFIED
**Funded Partner of NSDC**

ভর্তির সময় যে সব Document প্রয়োজন : Aadhar Card (আধার কার্ড) • পাসপোর্ট সাইজ ছবি - ৪টে

**Corporate Office: Orion House, 28, Chinar Park, Rajarhat Road, Kolkata - 700157**
**Helpline (9.30am to 7.00pm) : 9330345012**
E-mail: pmkvy@orionedutech.com | info@orionedutech.com | www.orionedutech.com

**For Registration, Please Call:**

**Alipurduar** - Retail / Automotive / Tourism & Hospitality : 9330345099, 9330345070 | **Barasat** (PMKK) - Apparel / Beauty & Wellnes / Construction / Health Care / Telecom / Electronics & Hardware : 8777671572 | **Barasat** (PMKVY) - Apparel / Retail : 9051711761 | **Balurghat** - Apparel / Telecom / Retail / Electronics & Hardware : 9875607210, 9875607151 | **Bandel** - Automotive / Electronics & Hardware / Retail / Health Care : 6289569583 | **Barrackpore** - Automotive / Electronics & Hardware / Retail / Telecom / Tourism & Hospitality : 8537895716 | **Baruipur** - Automotive / Telecom / Electronics & Hardware / Retail : 9330345063 | **Coochbehar** - Life Science / Electronics & Hardware / Retail / Health Care : 9875607158, 9875607214 | **Dankuni** - Apparel / Tourism & Hospitality / Health Care / Electronics & Hardware / Retail : 9800344125 | **Deganga** - Apparel / Electronics & Hardware / Retail : 8617291785 | **Dhupguri** - Apparel / Tourism & Hospitality / Telecom / Retail : 9330345090, 9330345074 | **Howrah** - Apparel / Beauty & Wellnes / Health Care / Telecom / Electronics & Hardware / Tourism & Hospitality : 8420420097 | **Kankurgahi** - Apparel / Automotive / Telecom / Retail / Health Care : 7449927119 | **Kalyani** - Apparel / Tourism & Hospitality / Health Care / Electronics & Hardware / Retail / Construction : 9330345123 | **Kasba** - Health Care / Electronics & Hardware / Retail / Telecom : 9875607152 | **Malda** - Apparel / Tourism & Hospitality / Health Care / Construction / Telecom : 7478289614 | **Maheshtala** - Apparel / Tourism & Hospitality / Electronics & Hardware / Construction / Telecom : 9330345100 | **Murshidabad** - Apparel / Health Care / Telecom / Electronics & Hardware / Tourism & Hospitality : 8972218852 | **Raigunj** - Apparel / Beauty & Wellnes / Electronics & Hardware / Health Care / Telecom : 7001345733 | **Ranaghat** - Tourism & Hospitality / Electronics & Hardware / Construction / Retail : 8617791819 | **Rajarhat** - Media & Entertainment / Tourism & Hospitality / Retail : 8617291785 | **Siliguri** - Beauty & Wellnes / Tourism & Hospitality / Power : 9330345098, 9330345080 | **Siuri** - Apparel / Tourism & Hospitality / Health Care / Retail / Telecom : 7890757022

*Conditions Apply

Owner : Sangsthaan Prakashan Pvt. Ltd., Printer : Mousumi Ghosh, Publisher : Mousumi Ghosh, Published from Flat No. B-3, 2nd Floor, 12/3/4 Jamir Lane, Kolkata - 700 019, Dist. : 24 Parganas (South), West Bengal and Printed from Sangsthaan Prakashan Pvt. Ltd., Vill : Nazirabad - Uchchepota, P.O. : Uchchepota, Gram Panchayet : Kheadaha, Dist. 24 Parganas (South), Kolkata - 700 150, West Bengal. Editor : Mousumi Ghosh. Phone No. : (033) 2460 6211/12. Fax No. : (033) 2460-8233, E-Mail : karmsang@gmail.com

Scanned by CamScanner